১৭শ উত্তেজক।

ফস্ফরস্—Phosphorus.

মাত্রা $\frac{১}{১০০}$—$\frac{১}{৩০}$ গ্রেণ, তৈল বা ইথর সহ প্রযুজ্য।

অস্থি হইতে প্রাপ্ত হওয়া যায়।

প্রঃ রূঃ। (১) ডাইলিউট্ ফস্ফরিক্ এসিড্ (ফস্ফরস্ ৪১৩ গ্রেণ, নাইট্রিক্ এসিড্ ৩ আং, পরিশ্রুত জল প্রয়োজনানুরূপ। মাত্রা ১০—৩০ মিনিম্।)

(২) ফস্ফরেটেড্ অইল। (ফস্ফরস্ ও বাদাম তৈল প্রয়োজনানুরূপ। তৈলকে ৩০০ ডিগ্রি পর্য্যন্ত উত্তাপ দিতে হইবে। এই অবস্থায় ১৫ মিনিট রাখিয়া শীতল হইলে ছাঁকিয়া লইবে। এই তৈল ৪ আং একটী বোতলে রাখিয়া তাহাতে ১২ গ্রেণ ফস্ফরস্ যোগ করিবে, পরে ঐ বোতলকে একটী উষ্ণ জলপূর্ণ পাত্র মধ্যে বসাইবে যতক্ষণ না ঐ তৈলের উষ্ণতা ১৮০ ডিগ্রি হয়। পরে বোতলের কর্ক খুলিয়া দিবে, যেন ইহার ভিতরস্থ বায়ু বহিষ্কৃত হইয়া যায়। পরে ঐ বোতল নাড়িবে যতক্ষণ না ফস্ফরস্ দ্রব হয়। মাত্রা ৫—১০ মিনিম্।)

(৩) ফস্ফরস্ পিল্। (ফস্ফরস ৩ গ্রেণ, ব্যাল্সাম্ অব্ টলু ১২০ গ্রেণ, পীতমোম ৫৭ গ্রেণ, কর্ডসোপ ৯০ গ্রেণ। মাত্রা ২—৪ গ্রেণ্।)

স্বঃ। দেখিতে মোম বাতির ন্যায় ও তদ্রূপ কোমল; পলাণ্ডুর ন্যায় গন্ধযুক্ত। অন্ধকারে ইহার উজ্জ্বলবর্ণ দেখিতে পাওয়া যায়। অতি অল্প বায়ু সংযোগে অগ্নি উৎপন্ন করে।

ক্রিয়া। উত্তেজক, মূত্রকারক, কামোদ্দীপক ও ঘর্ম্মকারক।

ব্যবহার। যে যে রোগে গন্ধকদ্রাবক ও অন্যান্য মিন্যারাল্ এসিড্ ব্যবহার হয়, ফস্ফরিক্ এসিডও তত্তৎ রোগে ব্যবহার হইতে পারে। ইহার ফস্ফেট্ অব্ লাইম্ দ্রবকরণ গুণ থাকা প্রযুক্ত যে যে রোগের মূত্রে ফস্ফ্যাটিক্ জন্মে, সেই সেই রোগে ব্যবহার হয়। মূত্র-

মেহ রোগে উপকার করে। ধ্বজভঙ্গ রোগে উপকার করে। গইটর রোগে উপকারী।

১৮শ উত্তেজক।

আর্ণিকা—Arnica.

আর্ণিকা মন্টেনা বৃক্ষের শুষ্ক মূল, পত্র ও পুষ্প।

প্রঃ রূঃ। টিংচর্ অব্ আর্ণিকা। (আর্ণিকা মূল কুট্টিত ১ আং, শোধিত সুরা, ১ পাইণ্ট্, পার্কোলেশন্ দ্বারা প্রস্তুত করিবে। মাত্রা ॥০—২ ড্রাম।)

স্বঃ। মূল প্রায় ১ ইঞ্চি লম্বা। পুষ্প সুবর্ণবর্ণের ন্যায়।

ক্রিয়া। প্রধান ক্রিয়া মাস্তিষ্ক-উত্তেজক, ঘর্ম্মকারক, মূত্রকারক, ও মাদক। অধিক মাত্রায় ব্যবহারে বিষক্রিয়া করে।

ব্যবহার। জর্ম্মণিতে ইহা তরুণ বাত, পক্ষাঘাত ইত্যাদি রোগে ব্যবহৃত হয়। কিন্তু ইংলণ্ডে প্রায় কেহ ব্যবহার করেন না। ডাক্তার নেলিগ্যান্ বলেন, ইহার অরিষ্ট স্নায়বীয় শিরঃপীড়ায় বিশেষ উপকার করে। কোন স্থানের আঘাতে ইহার ধৌত উপকারী। বিবিধ পচা-ক্ষতে ব্যবহৃত হয়।

আর্ণিকা হোমিওপ্যাথিক চিকিৎসকদিগের একটী প্রধান ঔষধ। ইহা তাঁহাদিগের মতে বিপরীত রোগে অতি চমৎকার ক্রিয়া দর্শায়। শ্বাসকাসে তাঁহারা প্রায় ব্যবহার করেন।

১৯শ উত্তেজক।

ইথর্—Æther.

মাত্রা ২০—৬০ মিনিম্।

পরিশ্রুত সুরা ৫০ আং, গন্ধকদ্রাবক ১০ আং, ক্লোরাইড্ অব্ ক্যাল্সিয়ম্ ১০ আং, আর্দ্র চূর্ণ ॥০ আং, পরিশ্রুত জল ১৩ আং, এই কয় দ্রব্য দ্বারা প্রস্তুত হয়।

ক্রিয়া। অহিফেন অপেক্ষা মৃদু।

ব্যবহার। কাশের উগ্রতা হ্রাসার্থ সিরপ্ অব্ পপি ব্যবহৃত হয়। স্থানিক বেদনা নিবারণ জন্য পোস্তের ঢেঁড়ির স্বেদ বিশেষ উপযোগী। এতৎ ঘটিত ঔষধ সাবধানে শিশুদিগকে দেওয়া উচিত।

২১শ উত্তেজক।

ইণ্ডিয়ান্ হেম্প।—(গাঁজা) Indian Hemp.

ক্যানাবিস্ সেটিভা ওষধির মঞ্জরিত শাখাগ্র। ইহার বীর্য্যের নাম চরস (ক্যানাবিন্)।

প্রঃ রূঃ। (১) একৃষ্ট্রাকৃট অব্ হেম্প। (গাঁজা কুট্টিত ১ পাউণ্ড, পরিশ্রুত সুরা ৪ পাইণ্ট্। মাত্রা।০—১ গ্রেণ।)

(২) টিংচর্ অব্ ইণ্ডিয়ান্ হেম্প (একৃষ্ট্রাকৃট ১ আং, শোধিত সুরা ১ পাইণ্ট। দ্রব করিয়া লইবে। মাত্রা ৫—২০ মিনিম্।)

ক্রিয়া। মাস্তিষ্ক উত্তেজক, আক্ষেপনিবারক, ক্ষুৎকারক, মাদক, কামোদ্দীপক, নিদ্রাকারক, অবসাদক, বেদনানিবারক, জরায়ুর সংকোচক। অল্পমাত্রায় সেবনে মনে স্ফূর্ত্তি হয়, অধিক মাত্রায় মাদক ক্রিয়া প্রকাশ পায়, বিষক্রিয়া করে, এবং হঠাৎ মৃত্যু হইবারও সম্ভাবনা।

ব্যবহার। পূর্ব্বে ইহা ব্রিটীশ ফার্ম্মাকোপিয়ায় গৃহীত হয় নাই। অল্প দিন হইল, কলিকাতার ডাক্তার ওসগ্ নেসি সাহেবের বিশেষ যত্নে ইহা ব্রিটীশ ফার্ম্মাকোপিয়ায় গৃহীত হইয়াছে।

স্নায়বীয় শূলে ও বেদনায় ইহার ব্যবহারে অনেক স্থলে বিশেষ উপকার দর্শাইয়াছে। টিটেনস্, হাইড্রোফোবিয়া, শিশুদিগের কন্‌ভলসন্, কোরিয়া, পুরাতন বাত ইত্যাদিতে বিশেষ উপকারের সহিত ব্যবহার হইয়াছে। মস্তিষ্কের প্রদাহ ব্যতীত অনিদ্রায় ও অস্থিরতায় অবসাদন ক্রিয়া করিয়া উপকার করে।

অধিক দিন অহিফেণ সেবন বশতঃ হৃৎপিণ্ডের অতিস্পন্দনে, ডাক্তার নেলিগ্যান্ ইহা ব্যবহারে বিশেষ অনুরাগ প্রকাশ করিয়াছেন। প্রসবে জরায়ুশিথিলতা বশতঃ প্রসবকার্য্যে বিলম্ব হইলে ইহা প্রায় ব্যবহার হয়।

অতি অল্পমাত্রায় ব্যবহারে ইহার ক্রিয়া প্রকাশ করে বলিয়া, যত অল্প মাত্রায় পারা যায়, তাহা ব্যবহার করা উচিত!

২২শ উত্তেজক।

অহিফেন—Opium

মাত্রা ।০—২ গ্রেণ।

প্যাপেভার্ সম্‌নিফারম্ ওষধির অপক্ক ঢেঁড়িকে অল্প অল্প চিরিয়া দিলে শ্বেতবর্ণ রস নিঃসৃত হয়, তাহা বায়ুতে শুষ্ক হইলে চাঁচিয়া একত্রে পিণ্ডাকার করিয়া সংযত করে, তাহাকে অহিফেন কহে।

প্রঃ রূঃ। (১) কন্‌ফেক্‌সন্ অব্ ওপিয়ম্। (কম্পাউণ্ড্ পাউডার্ অব্ ওপিয়ম্ ১০০ গ্রেণ্, শর্করা পাক ৩০০ গ্রেণ্। মাত্রা ৫—২০ গ্রেণ্। ৪০ গ্রেণে্ ১ গ্রেণ্ অহিফেন।)

(২) ওপিয়ম্ প্ল্যাষ্টার্।। (অহিফেন সূক্ষ্ম চূর্ণ ১ আং, ধূনা পলস্তা ৯ আং। ধূনা পলস্তা জলস্বেদন যন্ত্রে গলাইয়া অহিফেন মিশ্রিত করিবে। ১০ গ্রেণে ১ গ্রেণ্ অহিফেন।)

(৩) এনিমা অব্ ওপিয়ম্। (টিংচর ওপিয়াই ॥০ ড্রাম, মিউসিলেজ অব্ ষ্টার্চ ২ আং, মিশ্রিত করিবে। প্রতি আউন্সে ১ গ্রেণ।

(৪) একৃষ্ট্রাক্ট অব্ ওপিয়ম্। (অহিফেন চূর্ণ ১ পৌণ্ড পরিশ্রুত জল ৬ পাইণ্ট। মাত্রা ॥০ ২ গ্রেণ্।)

(৫) লিকুইড্ একৃষ্ট্রাকৃট অব্ ওপিয়ম্। (একৃষ্ট্রাকৃট অব্ ওপিয়ম্ ১ আং, পরিশ্রুত জল ১৬ আং, পরিশ্রুত সুরা ৪ আং,। মাত্রা ১০—৪০ মিনিম্।)

(৬) ওপিয়ম্ লিনিমেণ্ট (টিংচর অব ওপিয়ম্ ও সোপ্ লিনিমেণ্ট প্রত্যেকে ২ আং, লইয়া মিলাইবে।)

(৭) সিলি সহ ইপিকাকুয়ানা পিল্ (কম্পাউণ্ড পাউডার অব ইপিকাক ৩ আং, স্কুইল্ চূর্ণ, এবং এমোনিয়াকম্ চূর্ণ প্রত্যেক ১ আং, গুড় প্রয়োজনানুরূপ। মাত্রা ৫—১০ গ্রেণ।)

(৮) পিল্ অব লেড্ এণ্ড ওপিয়ম্ (এসিটেট্ অব লেড্ সূক্ষ্ম চূর্ণ ৩৬ গ্রেণ, অহিফেন চূর্ণ ৬ গ্রেণ, কন্‌ফেক্‌সন্ অব্ রোজেস্ ৬ গ্রেণ। মিশ্রিত করিবে। মাত্রা ৩—৫ গ্রেণ।)

(৯) কম্পাউণ্ড্ পিল অব্ সোপ্। (অহিফেন চূর্ণ ॥০ আং, সাবান চূর্ণ ২ আং, গ্লিস্‌রীন প্রয়োজনানুরূপ। একত্র মর্দ্দন করিবে। মাত্রা ৩—৫ গ্রেণ্।)

(১০) এরোম্যাটিক্ পাউডার্ অব্ চক্ এণ্ড ওপিয়ম্। (এরোম্যাটীক্ পাউডার্ অব্ চক্ ৯৮০ আং, অহিফেন চূর্ণ ।০ আং; উত্তমরূপে মিশ্রিত করিয়া ছাঁকিয়া লইবে। মাত্রা ১০—৪০ গ্রেণ।)

(১১) কম্পাউণ্ড পাউডার অব্ ইপিকাকুয়ানা (ইপিকাকুয়ানা চূর্ণ ॥০ আং, অহিফেন চূর্ণ ॥০ আং, সল্‌ফেট অব্ পটাশ চূর্ণ ৪ আং, একত্র মিশাইয়া উত্তমরূপে ছাঁকিয়া লইবে। মাত্রা ৫—১৫ গ্রেণ।)

(১২) কম্পাউণ্ড পাউডার্ অব্ কাইনো (কাইনো দেখ। মাত্রা ৫—২০ গ্রেণ।)

(১৩) কম্পাউণ্ড্ পাউডার্ অব্ ওপিয়ম্। (অহিফেন চূর্ণ ১॥০ আং, মরিচ চূর্ণ ২ আং, শুণ্ঠি চূর্ণ ৫ আং, ক্যারাওয়ে ফল চূর্ণ ৬ আং, ট্রাগাক্যান্থ চূর্ণ ॥০ আং। মাত্রা ২—৫ গ্রেণ।)

(১৪) কম্পাউণ্ড লেড্ সপোজিটোরিস্। (এসিটেট্ অব লেড্ ৩৬ গ্রেণ, অহিফেন চূর্ণ ১২ গ্রেণ, বেন্‌জোয়েটেড্ লার্ড ৪২ গ্রেণ, শ্বেতমোম ১০ গ্রেণ্, অইল্ অব্ থিওব্রামা ৮০ গ্রেণ্। ১২টী অংশে বিভক্ত করিবে।)

(১৫) টীংচর্ অব ওপিয়ম্। (অহিফেন চূর্ণ ১॥০ আং, পরীক্ষিত সুরা ১ পাইণ্ট। মাত্রা ৫—৪০ মিনিম্)।

(১৬) এমোনিয়েটেড্ টিংচর্ অব্ ওপিয়ম্। (অহিফেন চূর্ণ ১০০ গ্রেণ, স্যাফ্রন্ টুক্রা ১৮০ গ্রেণ, বেন্জোয়িক্ এসিড্ ১৮০ গ্রেণ, অইল অব্ এনিসি ১ ড্রাম, ষ্ট্রং সলুউসন্ অব্ এমোনিয়া ৪ আং, শোধিত সুরা ১৬ আং। ৭ দিন ভিজাইয়া রাখিবে ও মধ্যে মধ্যে নাড়িবে, পরে ছাঁকিয়া সুরা দ্বারা এক পাইণ্ট পূর্ণ করিবে। মাত্রা ॥০—১ড্রাম।)

(১৭) কম্পাউণ্ড্ টীংচর্ অব্ ক্যাম্ফর্। (কর্পূরের প্রয়োগরূপ দেখ।)

(১৮) ট্রচিসাই (ওপিয়াই। ওপিয়ম্ এক্‌ষ্ট্রাক্ট ৭২ গ্রেণ, টীংচর্ অব্ টোলু ॥০ আং, পরিষ্কৃত চিনি ১৬ আং, গম্ একেসিয়া চূর্ণ ২ আং, এক্‌ষ্ট্রাক্ট্ অব্ লাইকোরাইস্ ৬ আং, পরিশ্রুত জল ৬ আং। ৭২০ চাক্তি প্রস্তুত করিবে। মাত্রা ১—৪ চাক্তি।)

(১৯) অইণ্টমেণ্ট্ অব্ গলস্ এণ্ড ওপিয়ম্। (অইণ্টমেণ্ট্ অব্ গলস্ ১ আং, অহিফেন চূর্ণ ৩২ গ্রেণ্। মিশ্রিত করিবে।)

(২০) ভাইনম্ ওপিয়াই। (একষ্ট্রাক্ট অব্ ওপিয়ম্ ১ আং, দারুচিনি কুট্টিত ৭৫ গ্রেণ্, ক্লোভস্ কুট্টিত ৭৫ গ্রেণ্, সেরি সুরা ১ পাইণ্ট্। মাত্রা ১০—৪০ মিনিম্।)

অহিফেণ তিন প্রকার। ১ম তুরস্ক দেশীয়, ২য় মিসর দেশীয়, ৩য় ভারতবর্ষীয়।

স্বঃ। পিণ্ডাকার, নরম, গাঢ়-পাটলবর্ণ, তিক্তাস্বাদ, গন্ধযুক্ত, দাহ্য। ইহার জলীয় দ্রবে যবক্ষার দ্রাবক দিলে লালবর্ণ হয়। উত্তম অহিফেনে শতকরা ৬।১২ অংশ মর্ফিয়া আছে।

ক্রিয়া। মাস্তিষ্ক-উত্তেজক, মাদক, নিদ্রাকারক, বেদনানিবারক, আক্ষেপ-নিবারক, স্পর্শহারক, ধারক, স্বেদজনক ও পর্য্যায়-নিবারক।

অল্প মাত্রায় সেবন করিলে প্রথমতঃ উত্তেজক হয়। এই উত্তেজন ক্রিয়া সমুদয় শরীরে, বিশেষরূপে মস্তিষ্কে প্রকাশ পায়, পরে মাদক ও অবসাদক হয়।

পূর্ণ মাত্রায় সেবন করিলে ১০।১৫ মিনিট পরে মস্তকে অল্প ভার, মনোবৃত্তি, বুদ্ধিবৃত্তি, ধর্ম্মপ্রবৃত্তি, রচনাশক্তি, সাহস, শারীরিক ও মানসিক শ্রমপটুতা ও পেশী সকলের শক্তি প্রভৃতি উত্তেজিত হয় এবং কোন প্রকার বেদনা থাকিলে নিবারণ হয়। এরূপ অবস্থা অর্দ্ধ ঘণ্টা থাকিয়া, ক্রমে নিদ্রাবেশ হয়, পরে ৮।১০ ঘণ্টা থাকিয়া জাগরণ হয়, তৎপরে অবসাদনের লক্ষণ উপস্থিত হয়, কিঞ্চিৎ পরে শরীর সুস্থ হয়। যদি মাত্রার অল্পতা প্রযুক্ত সম্পূর্ণ নিদ্রা না হয়, তবে নানাবিধ স্বপ্ন দেখা যায়। অধিক মাত্রায় প্রবল বিষকর হয়।

বিষাক্ত লক্ষণ।—ইহা দ্বারা বিষাক্ত হইলে নিদ্রাবেশ, অচৈতন্য, শ্বাসগতি মন্দ, গলমধ্যে ঘড় ঘড় শব্দ, মুখমণ্ডল মলিন, চক্ষু লাল ও মুদ্রিত, কনীনিকা কুঞ্চিত, নাড়ীস্থূল, কোমল ও মৃদুগামী হয়। ইহার পর অর্থাৎ ৪।৫ ঘণ্টার পর অবসাদনের লক্ষণ উপস্থিত হইয়া ক্রমশঃ নাড়ী ক্ষীণ হইয়া লোপ হয়, শ্বাস অতি মৃদু, শরীর শীতল ও ঘর্ম্মাভিষিক্ত হয়, কিছু কাল অর্থাৎ প্রায় ৬ ঘণ্টার পর মৃত্যু হয়।

শবচ্ছেদ।—মস্তিষ্কে রক্তাধিক্য, মস্তিষ্কোদরে রস সঞ্চিত, ফুস্‌ফুসে রক্তাধিক্য; রক্তের তারল্য ও মালিন্য, কখন কখন মস্তিষ্ক মধ্যে রক্ত নিস্রবণও দেখা যায়।

চিকিৎসা। বারম্বার বমন করাইবে, মস্তকে শীতল জলধারা দিবে এবং রোগীকে নিদ্রা যাইতে দিবে না। অবসন্নাবস্থায় এমোনিয়া ও ব্র্যাণ্ডি ইত্যাদি ব্যবস্থা করিবে। বক্ষে, উদরে ও অধঃশাখায় সর্ষপের পটী দিবে। মস্তক মুণ্ডন করিয়া ব্লিষ্টার্ দিবে। শ্বাস ক্রিয়ার ও হৃৎস্পন্দনের উত্তেজনার্থ তাড়িৎ প্রয়োগ বিশেষ উপযোগী। কাওয়ার

ক্কাথ, চার ফাণ্ট, মাজুফলের ক্কাথ, জম্বীর রস ও ডিম্বের কুসুম যথেষ্ট পরিমাণে সেবন করাইবে।

নিষেধ। নবজ্বর, বা মস্তিষ্কে বা মস্তিস্কাবরণের প্রদাহ, রক্তাধিক্য, তরুণ যান্ত্রিক প্রদাহ, অতি ঘর্ম্ম, কোষ্ঠবদ্ধ, ক্ষুধামান্দ্য ইত্যাদি অবস্থায়। অপর পূর্ণ গর্ভাবস্থায় এবং স্তনদায়িনী স্ত্রীদিগের পক্ষে নিষিদ্ধ।

আময়িক প্রয়োগ। বিবিধ প্রদাহে বিবেচনা পূর্ব্বক প্রয়োগ করিলে উপকার হয়। যে সকল যান্ত্রিক প্রদাহে শ্বাসরোধ হইয়া মৃত্যুর সম্ভাবনা, (যথা মস্তিষ্ক ও ফুস্‌ফুস্‌ প্রদাহ,) তাহাতে অহিফেন প্রয়োগ করিবে না এবং মুখমণ্ডলের মালিন্য বা ওষ্ঠের বর্ণের মালিন্য কিঞ্চিন্মাত্র দেখিলে অহিফেন প্রয়োগ হইতে বিরত হইবে। কিন্তু অন্ত্রাবরণ প্রদাহ, অন্ত্রপ্রদাহ এবং অতিসার প্রভৃতি যে সকল প্রদাহে অবসাদন হইয়া মৃত্যু হয়, তাহাতে অহিফেন অত্যন্ত উপকারক। অপর যে সকল প্রদাহে যাতনা অধিক হয় ও তন্নিবন্ধন অনিদ্রা হয়, তাহাতে প্রয়োয্য।

বিবিধ অবিরাম জ্বরে, অস্থিরতা, অনিদ্রা, উদরাময় আদি নিবারণার্থ অহিফেন বিশেষ উপযোগী। কিন্তু প্রলাপ, অচৈতন্য, নাড়ী কোমল, জিহ্বা অপরিষ্কার থাকিলে অহিফেন প্রয়োগ নিষেধ।

উন্মাদ, সূতিকোন্মাদ, মদাতঙ্ক, বিবিধ কারণোদ্ভূত অনিদ্রা, বিবিধ কাস রোগে কাসের উগ্রতা দমনার্থ, অতিসার, বিসূচিকা, অন্ত্রাবদ্ধ রোগ, অন্ত্রবৃদ্ধি আবদ্ধ, দুর্নিবার কোষ্ঠবদ্ধ, সীসশূল, পাকাশয়স্থ স্নায়বীয় উগ্রতা বশতঃ বমন ও হিক্কা, মূত্রাশ্মরী, পিত্তাশ্মরী, মূত্রাশয়ের তরুণ প্রদাহ, লিঙ্গনালের আক্ষেপজনিত প্রস্রাব বন্ধ, মধুমেহ ইত্যাদি রোগে উপকারক; গর্ভস্রাবের উপক্রম হইলে প্রসব বেদনার আরম্ভে যদি জরায়ু যথা নিয়মে সংকুচিত না হইয়া বিশৃঙ্খলরূপে আক্ষিপ্ত হইতে থাকে, তবে অহিফেন প্রয়োগ করিবে।

হেতাল বেদনায় কর্পূর সহ প্রয়োজ্য। জরায়ুবীয় রক্তস্রাব, ও অন্যান্য নানাবিধ রক্তস্রাবে উপকারক। বাত ও স্নায়ুশূলে ইহার বাহ্যিক ও আভ্যন্তরিক প্রয়োগে উপকার দর্শে।

নানাবিধ চর্ম্মরোগে উগ্রতা ও বেদনা নিবারণার্থ ইহা প্রয়োয্য।

মর্ফাইনী বা মর্ফিয়া—Morphia or Morphine.

মাত্রা $\frac{1}{8}$—॥০ গ্রেণ।

অহিফেণ হইতে প্রস্তুত।

প্রঃ রূঃ। (১) হাইড্রোক্লোরেট্ অব্ মর্ফাইনী—(অহিফেণ চূর্ণ পৌণ্ড, ক্লোরাইড্ অব্ ক্যাল্সিয়ম ৫০ আং জান্তবাঙ্গার ।০ আং, জলমিশ্র হাইড্রোক্লোরিক্ এসিড্ ২ আং বা প্রয়োজনানুরূপ এমোনিয়া দ্রব ও পরিশ্রুত জল প্রত্যেক প্রয়োজনানুরূপ। ইহার ৮।১০ অংশে ১ অংশ মর্ফিয়া আছে। মাত্রা $\frac{1}{8}$—॥০ গ্রেণ। ক্রিয়া মাদক)।

(ক) লাইকর মর্ফাইনী হাইড্রোক্লোর্যাটিস্। (হাইড্রোক্লোরেট্ অব মর্ফিয়া ৯ গ্রেণ্, জলমিশ্র হাইড্রোক্লোরিক্ এসিড্ ১৮ মিনিম, শোধিত সুরা ৪ ড্রাম, পরিশ্রুত জল ১২ ড্রাম। মাত্রা ১০—৬০ মিনিম।

(খ) সপোজিটরি মর্ফাইনী। (হাইড্রোক্লোরেট অব মর্ফিয়া ৬ গ্রেণ, থিয়োব্রোম অইল্ ১৭৪ গ্রেণ। ১২ ভাগ করিবে।)

(গ) মার্ফাইন্ সপোজিটরীজ্ উইথ্ সোপ্। (হাইড্রোক্লোরেট্ অব মর্ফাইন ৬ গ্রেণ, গ্লিসরীন্ অব্ ষ্টার্চ্চ ৩০ গ্রেণ, কঠিন সাবান চূর্ণ ১০০ গ্রেণ, ষ্টার্চ্চ চূর্ণ প্রয়োজনানুরূপ। ১২ অংশে বিভক্ত করিবে।)

(ঘ) ট্রচিসাই মর্ফাইনী। (হাইড্রোক্লোরেট অব মর্ফিয়া ২০ গ্রেণ, টীংচর অব টোলু ॥০ আং, পরিষ্কৃত চিনি ২৪ আং, গম্ একেসিয়া

১ আং মিউসিলেজ্ অব্ গম্ একেসিয়া আবশ্যক মত, পরিশ্রুত জল ॥০ আং। ৭২০ ভাগ করিবে। মাত্রা ১—৬ চাক্তি।)

(ঙ) মর্ফাইনী এণ্ড ইপিকাকুয়ানা লোজেঞ্জেস্। (ইপিকাকুয়ানা চূর্ণ ৬০ গ্রেণ, ট্রচিসাই মর্ফিয়াই ৭২০টীর পরিমাণ। ইহাকে ৭২০ ভাগ করিবে। মাত্রা ১—৬ চাক্তি।)

(২) এসিটেট্ অব্ মর্ফাইণ।—(হাইড্রোক্লোরেট অব্ মর্ফিয়া ২ আং. এমোনিয়া দ্রব, এসেটিক্ এসিড্ ও পরিশ্রুত জল প্রত্যেক প্রয়োজনানুরূপ। মাত্রা $\frac{১}{৮}$—॥০ গ্রেণ।) ক্রিয়া মাদক, কিন্তু, সাবধানে ব্যবহার্য্য।

(ক) লাইকর মর্ফাইনী এসিট্যাটিস্। (এসিটেট্ অব্ মর্ফিয়া ৯ গ্রেণ, জলমিশ্র এসেটিক্ এসিড্ ১৮ মিনিম্, শোধিত সুরা ৪ ড্রাম, পরিশ্রুত জল ১॥০ আং, মাত্রা ১০—৬০ মিনিম্। ১ ড্রামে অর্দ্ধ গ্রেণ মর্ফিয়া আছে।)

(খ) হাইপো ডার্ম্মিক্ ইঞ্জেকসন্ অব মর্ফাইন্। (হাইড্রো ক্লোরেট্ অব্ মর্ফিয়া ৯২ গ্রেণ এমোনিয়া দ্রব, এসিটীক্ এসিড, পরিশ্রুত জল প্রত্যেক প্রয়োজনানুরূপ। মাত্রা ১—৫ মিনিম্।)

ব্যবহার। মর্ফিয়া হাইপোডার্ম্মিক ও এণ্ডার্ম্মিকরূপে ব্যবহার হয়। স্নায়ুশূল নিবারণ জন্য বেদনা স্থলে ইন্‌জেক্ট করা উচিত। গ্যাষ্ট্রডাই-নিয়া ও দুর্নিবার বমন নিবারণ জন্য মর্ফিয়া এণ্ডার্মিক রূপে এপিগ্যাষ্ট্রি-য়মে দেওয়া উচিত। দুর্নিবার শীরঃপীড়ায় এই রূপে ব্যবহার করা যায়। ঘর্ম্মকারক, আক্ষেপ নিবারক, ইত্যাদি ক্রিয়ার জন্য ব্যবহার হয়। যেখানে অহিফেন ও মর্ফিয়া উভয়ই ব্যবহার করা যায়, তথায় অহিফেনই ব্যবহার করা উচিত। অহিফেন উত্তেজক রূপে ব্যবহার করা যায়।

—০—

২৩শ উত্তেজক।

নক্সভোমিকা—(কুঁচিলা) Nuxvomica.

ষ্ট্রিকনক্স ভোমিকা (বিষবৃক্ষ) বৃক্ষের ফলের বীজ। ইহার বীর্য্যের নাম ষ্ট্রিকনিয়া।

প্রঃ রূঃ। (১) একষ্ট্রাক্ট অব নক্স ভোমিকা। (নক্স ভোমিকা ১ পৌণ্ড, শোধিত সুরা আবশ্যক মত। মাত্রা ½—২ গ্রেণ।)

(২) টিংচার নক্স ভোমিকা (নক্স ভোমিকা ২ আং, শোধিত সুরা ১ পাইণ্ট। মাত্রা ১০—২০ মিনিম।)

(৩) ষ্ট্রীক্‌নাইনা (নক্স ভোমিকা ১ পৌণ্ড, এসিটেট অব লেড ১৮০ গ্রেণ, সলুসন অব্ এমোনিয়া, শোধিত সুরা, পরিশ্রুত জল, প্রত্যেক আবশ্যক মত। মাত্রা $\frac{1}{60}$—$\frac{1}{12}$ গ্রেণ।)

(ক) লাইকর ষ্ট্রীকনিয়া। (ষ্ট্রীকনাইন ৯ গ্রেণ, জলমিশ্র হাইড্রো-ক্লোরিক এসিড ১৪ মিনিম, শোধিত সুরা ৪ ড্রাম্, পরিশ্রুত জল ১৷৷০ আং। মাত্রা ৫—১০ মিনিম্।

স্বঃ। প্রায় গোলাকার এবং চেপটা প্রায় ১ ইঞ্চ ব্যাস, বাহ্যিক পাঁচ বর্ণ, লোমাবৃত। তীক্তাস্বাদ, গন্ধহীন।)

ক্রিয়া। অতি অল্প মাত্রায়, তিক্ত, বলকারক, মাদক। অপেক্ষাকৃত অধিক মাত্রায় কশেরুকা মজ্জার উত্তেজক। ততোধিক মাত্রায় প্রবল বিষ। ইহার চূর্ণ অর্দ্ধ ড্রাম্ ও ষ্ট্রীকনিয়া ১ গ্রেণ খাইয়া মৃত্যু হইয়াছে।

ব্যবহার। পুরাতন প্যারালিসিস প্যারাপ্লিজিয়া নানা প্রকার স্নায়বীয় পীড়া, যেমত কোরিয়া, এপিলেপ্‌সি, মদাতঙ্ক ইত্যাদি; দুর্নিবার কোষ্টবদ্ধ, বিশেষতঃ সীসশূলের কোষ্ঠবদ্ধ, অতিসার, উদরাময় এনিমিয়া হাইপোকনড্রিয়াসিস্, ডিস্‌পেপ্‌সিয়া, গ্যাষ্ট্রোডাইনিয়া প্রল্যাপসস্ এনাই, ধ্বজগঙ্গ, প্রুরাইগো ইত্যাদি রোগে ব্যবহার হয়।

২৪শ উত্তেজক।

হাইপো ফস্ফাট্ অব সোডা—Hypophosfhito of Soda.

কার্বনেট অব সোডা ও হাইপো ফস্ফাইট্ অব্ লাইম্ একত্রে

সংযোগ করিবে, যতক্ষণ না কার্ব্বনেট অব্ লাইম্ অধঃস্থ হয়। পরে উহা হইতে লবণ প্রস্তুত করিবে। মাত্রা ৫—১০ গ্রেণ।)

ক্রিয়া। উত্তেজক বলকারক, পরিবর্ত্তক।

ব্যবহার। স্নায়বীয় দৌর্ব্বল্য তিক্ত বলকারক ঔষধ সহ ইহা উৎকৃষ্টরূপে ক্রিয়া করে।

২৫শ উত্তেজক।

ক্যাফিনা—কেফিন Coffeina.

মাত্রা ৷৷০—৫ গ্রেণ।

ক্যাসেলিয়া থিয়ার শুষ্ক পত্র বা মর্ফিনা এরেবিকার শুষ্ক বীজ জল সহযোগে ফাণ্ট প্রস্তুত করিয়া, তাহা হইতে সঙ্কোচক পদার্থ ও বর্ণ দ্রব্য পৃথক পরে উৎপাদন কার্য্য দ্বারা এই উপক্ষার প্রস্তুত করা যাইতে পারে।

প্রঃ রূঃ। ক্যাফিনী সাইট্রাস—সাইট্রেব্ অব্ কেফিন্। (কেফিনন্ ১ আং, সাইট্রিক এসিড ১ আং, পরিশ্রুত জল ২ আং। প্রথমতঃ সাইট্রিক এসিড পরিশ্রুত জলে দ্রব করিয়া, পরে তাহা উত্তপ্ত ও তাহার সহিত কেফিন্ মিশ্রিত করিয়া জল স্বেদন যন্ত্রের উত্তাপে শুষ্ক করিলে ইহা প্রস্তুত হয়।) মাত্রা ২—১০ গ্রেণ্।

স্বঃ। দেখিতে বর্ণহীন, রেশমের ন্যায়, গন্ধহীন, সূচ্যাকার দানাযুক্ত। ৮০ অংশ শীতল জলে, স্ফুটিত জলে ও শোধিত সুরায় তদপেক্ষাও অধিক এবং ক্লোরফরমে সর্ব্বাপেক্ষা অধিক দ্রবনীয়। ইথরে অতি সামান্য মাত্রায় দ্রব হয়।

ক্রিয়া। পরিমিত মাত্রায় সেবনে বলকারক ও ক্ষুৎকারক, কিন্তু প্রথমে মস্তিষ্ক ও কেশরুকা মজ্জার উত্তেজনা সম্পাদন করিয়া পরে অবসাদন উপস্থিত এবং ঐচ্ছিক ও অনৈচ্ছিক পেশীর উপর ক্রিয়া প্রকাশ করে। অধিক মাত্রায় সেবনে বিষ লক্ষণ উপস্থিত, শ্বাস প্রশ্বাস ঘন এবং নাড়ী দ্রুতগামী হয়। অধিক মাত্রায় সেবনে শারীরিক উত্তাপ বৃদ্ধি হওয়ার সম্ভাবনা। কখন কখন ২।৩ গ্রেণ মাত্রায় সেবনে মস্তকে ভার, কর্ণে একরূপ অব্যক্ত শব্দ শ্রবণ, অলীক আলোক দর্শন, প্রলা-

পাদি হৃৎকম্পন প্রভৃতি উপসর্গ উপস্থিত হইতে পারে। অপরিমিত মাত্রায় সেবনে বিষাক্ত হইলে ধনুষ্টঙ্কারের ন্যায় লক্ষণ উপস্থিত হয়। পরিমিত মাত্রায় ইহা দ্বারা শারীরিক ধ্বংসক্রিয়ার লাঘব হয়।

ব্যবহার। মানসিক পরিশ্রমান্তে ক্লিষ্ট শরীরে অল্প মাত্রায় সেবনে শরীর সুস্থ, অন্তঃকরণ প্রফুল্ল ও শ্রমপটুতা জন্মে।

পরিপাক শক্তি দুর্ব্বল ও অজীর্ণতা বশতঃ হৃৎকম্পনে ইহা দ্বারা উপকার হইতে পারে।

অর্দ্ধ শিরঃপীড়া, মৃগী জনিত শিরোঘূর্ণন, মাইগ্রেণ স্নায়ুশূল প্রভৃতি স্নায়বীয় রোগে অল্প মাত্রায় বিশেষ উপযোগী।

বিবিধ শোথ রোগে যথা—হৃৎপিণ্ডের পীড়াজনিত শোথ, যকৃতের পীড়া জনিত শোথ, এবং মুত্রগ্রন্থির পীড়া প্রভৃতি রোগে মুত্রের পরিমাণ বৃদ্ধি করিয়া বিশেষ ফল দর্শে। ডিজিট্যালিস্ অপেক্ষা ভাল কাজ করে।

শ্বাসকাশে শ্বাসের আবেগ নিবারণার্থ ইহা বিশেষ উপযোগী।

নিউমোনিয়া রোগে হৃৎপিণ্ডের উত্তেজক হইয়া, নাড়ীর গতি ভাল হয় ও শারীরিক উত্তাপ হ্রাস হয়।

২৬শ উত্তেজক।

শ্বেত চন্দন তৈল।

ওলিয়ম্ স্যাণ্টেলাই—অয়েল অব্ স্যাণ্ডাল্ উড্

Oleum Santial

মাত্রা ১০—৩০ মিনিম্।

স্যাণ্টেলেসি জাতীয় স্যাণ্টেলম্ অ্যাল্ বম্ বা শ্বেত চন্দন কাষ্ঠ চুয়াইয়া ইহা প্রস্তুত হয়।

স্বঃ। ঈষৎ পীত বর্ণাভ, গাঢ়, উগ্র সদ্গন্ধযুক্ত, মিষ্টাস্বাদবিশিষ্ট। সুরা বীর্য্যে সম্পূর্ণ দ্রবণীয়।

ক্রিয়া। অধিকাংশেই কোপেবার ন্যায়।

ব্যবহার। পুরাতন প্রমেহ রোগে পুয নিঃসরণের লাঘব করিয়া

উপকার করে। গর্জ্জন তৈল, গম্ একেসিয়া ও কোপেবার সহিত মিশ্রিত করায় ইহার উপকারিতা বৃদ্ধি হয়।

২৭শ উত্তেজক।

ওলিয়ম্ পাইনাই সিল্‌ভেষ্ট্রিস্—ফার্ উল্ অয়েল্।

Olum Pinisylvtris.

কলিফেরি জাতীয় পাইনম্ সিল্‌ভেষ্ট্রিস বৃক্ষের সরস পত্র চুয়াইয়া এই তৈল প্রস্তুত হয়।

প্রঃ রূঃ। ভেপর্ ওলিয়াই পাইনাই সিলভেষ্ট্রিস্ অর্থাৎ ইনৃহেলেসন্ অব্ ফারউল্ অয়েল্। (৪০ মিনিম্ হইতে, ২০ গ্রেণ লাইট কার্ব্বনেট্ অব্ ম্যাগনিসিয়া সহ মর্দ্দন করিয়া, যথাযোগ্য জল সহ মিশ্রিত করণান্তর যথানিয়ম তাহার বাষ্প গ্রহণ করিবে।)

স্বঃ। বর্ণহীন, ল্যাভেণ্ডারের ন্যায় সদ্‌গন্ধ ও উগ্র মিষ্টাস্বাদ যুক্ত।

ক্রিয়া। তার্পিণ তৈলের ন্যায়। আভ্যন্তরিক ব্যবহার হইতে প্রায় দেখা যায় না।

ব্যবহার। সন্ধিস্থলের বিবিধ প্রকার বেদনা ও বাত এবং পক্ষাঘাত রোগে ইহার স্থানিক মর্দ্দনে উপকার দর্শে। গলাভ্যন্তরে ক্ষত, কণ্ঠনালীর প্রদাহ প্রভৃতি রোগে ইহার শ্বাস গ্রহণে যাতনার উপশম হইতে পারে।

২৮শ উত্তেজক।

সোডিয়াই নাইট্রিস—নইট্রিইড অব্ শোডিয়ম্

Sodii Nitris.

মাত্রা ২—৫ গ্রেণ।

স্বঃ। শ্বেতবর্ণ দানাদার চূর্ণ। বায়ু স্পর্শে জলাকর্ষণ করে। জলে সম্পূর্ণ দ্রবনীয়।

ক্রিয়া। বেদনাহারক, আক্ষেপনিবারক, উত্তেজক; ইহার ক্রিয়া অনেকাংশে নাইট্রাইট্ অব্ এমিলের তুল্য।

ব্যবহার। ইঞ্জাইনা পেক্‌টোরিস্, এপিলেপসি, শ্বাসকষ্টযুক্ত ব্রন্‌কাইটিস্, শ্বাসকাস প্রভৃতি রোগে ব্যবহৃত হইয়া উপকার দর্শিয়াছে।

২৯শ উত্তেজক।

নাইট্রোগ্লিসরিনম্—নাইট্রোগ্লিসারিন্—

Nitroglycrinum.

মাত্রা $\frac{১}{২০০}$—$\frac{১}{৫০}$ গ্রেণ।

গন্ধক দ্রাবক ও যবক্ষার দ্রাবকের মিশ্রণে গ্লিসারীন্ মিশ্রণে ইহা প্রস্তুত হয়। নাইট্রোগ্লিসারীন্ ব্রিটীশ ফার্ম্মাকোপিয়ায় গৃহীত হয় নাই। কেবল ইহা হইতে প্রস্তুত ট্যাবেলি নাইট্রোগ্লিসরীনাই নামক ক্ষুদ্র চাক্তি ফার্ম্মাকোপিয়ায় গৃহীত হইয়াছে। প্রতি চাক্তির ওজন ২॥০ গ্রেণ্ ও তাহার প্রত্যেক $\frac{১}{১০০}$ গ্রেণ্ পরিমাণে নাইট্রোগ্লিসরীন্ আছে। মাত্রা, ১ চাক্তি মাত্রায় ৩।৪ ঘণ্টা অন্তর সেব্য।

ক্রিয়া। উত্তেজক, আক্ষেপনিবারাক, বেদনাহারক। এঞ্জাইনা পেক্‌টোরিস্, স্নায়ুশূল, সি-সিক্‌নেস্ শীরঃপীড়া প্রভৃতি রোগে ব্যবহৃত হইয়াছে।

৩০শ উত্তেজক।

এমিল্ নাইট্রিস্—নাইট্রাইট্ অব্ এমিল—

Amilnitris.

মাত্রা। { বাষ্প গ্রহণ ২—৫ মিনিম্।
সেবন ॥০—১ মিনিম, শোধিত সুরার সহিত মিশ্রিত করিয়া

যবক্ষার দ্রাবকের সহিত এমিলিক্ এল্‌কোহলের সংমিশ্রণে ইহা প্রস্তুত হয়।

স্বঃ। তরল, পীতবর্ণ, একরূপ মিষ্ট গন্ধযুক্ত।

ক্রিয়া। উত্তেজক, বেদনাহারক, আক্ষেপপিবারক। অপেক্ষাকৃত অধিকমাত্রায় সেবনে প্রবল বিষ লক্ষণ জন্মে।

ব্যবহার। শ্বাসকাশ, হুপিংকফ, হিষ্টিরিয়া, এপিলেপসি প্রভৃতি রোগে ইহা আক্ষেপ নিবারণ করিয়া সমূহ উপকার করে। ইহার বাষ্প গ্রহণ করিতে হয়, অতি অল্প সময় মধ্যেই ক্রিয়া দর্শে।

এঞ্জাইনী পেক্‌টোরিস্ সি-সিক্‌নেস্, মাই গ্রেণ, প্রসবান্তে শোনিত-স্রাব, কষ্টরজঃ জনিত বেদনা, প্রভৃতি রোগে বিশেষ উপযোগীতার সহিত ব্যবহৃত হইয়াছে। ক্লোরফরমের দ্বারা বিষাক্ত হইলে ইহা বিষঘ্ন কার্য্য করে। সপর্য্যায় জরের শীতলাবস্থায় ইহার বাষ্প গ্রহণে রোগের ভোগ-কাল কমিয়া আইসে।

৩১শ উত্তেজক।

ল্যারিসিস্ কর্টেক্স—লার্চ্চবার্ক—Laricis Cotux.

মূত্রকারক ঔষধ শ্রেণীতে দেখ।

৩২শ উত্তেজক।

হোমাট্রোপাইনি হাইড্রোবোমাস্—হাইড্রোবোমেট্ অব্ হোমাট্রোপাইন—Hydrobromats Homatro

মাত্রা $\frac{1}{120}$—$\frac{1}{60}$ গ্রেণ।

স্বঃ। ক্ষুদ্র ক্ষুদ্র শ্বেতবর্ণ দানাদার। জলে সম্পূর্ণ দ্রবনীয়।

ক্রিয়া। অনেকাংশে এট্রোপাইনের তুল্য কিন্তু তদপেক্ষা মৃদু কিন্তু ইহা বা এতৎঘটিত অপরাপর লবণগুলি সেবনে হৃদ্‌পিণ্ডের ক্রিয়া মান্দ্য জন্মে। ইহাতে কণীনিকা প্রসারিত হয়, কিন্তু ১২ হইতে ২৪ ঘন্টা মধ্যে তাহা পুনরায় স্বাভাবিক অবস্থায় আইসে, কিন্তু এট্রোপাইনে এরূপ হয় না; তাহাতে কয়েক দিবস পর্য্যন্ত প্রসারিত অবস্থায় থাকে।

৩৩শ উত্তেজক।

ভেলেরিয়েন রিজোম। Valerianæ Rhizoma.

চূর্ণের মাত্রা ১০—৩০ মিনিম্।

ভেলেরিয়েনেসি জাতীয় ভেলেরিয়েনা অফিসিনেলিস্ নামক বৃক্ষের কন্দ।

প্রঃ রূঃ। (১) ইন্‌ফিউজম্ ভেলেরিয়েনি। (ভেলেরিয়েন্ কুট্টিত ২ ড্রাম, স্ফুটিত পরিশ্রুত জল ১০ আং। মাত্রা ১—২ আং।)

(২) টিংচ্যুরা ভেলেরিয়েনি। (ভেলেরিয়েন্ কুট্টিত ২॥০ আং, পরীক্ষিত সুরা ১ পাইণ্ট। মাত্রা ১—২ ড্রাম্।

(৩) টিংচ্যুরা ভেলেরিয়েনি এমোনিয়েটা। (ভেলেরিয়েন স্থূলচূর্ণ ২॥০ আং; স্পিরিট এমোনিয়া এরোমেটিক ১ পাইণ্ট। মাত্রা ॥০—১ ড্রাম।)

স্বঃ। ঈষৎ পীতবর্ণ কন্দ। গাত্রে ২—৩ ইঞ্চ শাখা হয়।

ক্রিয়া। উত্তেজক ও আক্ষেপনিবারক। অধিক মাত্রায় প্রয়োগে বিষক্রিয়া করে।

ব্যবহার। হিষ্টিরিয়া, মৃগী, কোরিয়া রোগে আক্ষেপ নিবারণ ও স্নায়বীয় স্থৈর্য্য সম্পাদন করিয়া বিশেষ উপকার করে।

৩৪শ উত্তেজক।

সুরা।

শর্করা দ্রব করিয়া অথবা শর্করাবিশিষ্ট উদ্ভিজ্জ রসে ইয়েষ্ট (অভিষব) মিশ্রিত করিয়া রাখিলে তাহাতে উৎসেচন ক্রিয়া উপস্থিত হয় ও পরে কার্ব্বনিক এসিড্ বায়ু তাহা হইতে নির্গত হইয়া গেলে শর্করা সুরায় পরিণত হয়।

এই সুরা প্রস্তুত কালে উৎসেচন ক্রিয়া অন্তে আসব প্রস্তুত হয়। আসব চুয়াইয়া আর্ডেণ্ট স্পিরিট প্রস্তুত হয়। আর্ডেণ্ট স্পিরিট

চুয়াইয়া রেক্‌টিফায়েড্ স্পিরিট (শোধিত সুরা) প্রস্তুত হয়। ৩ অংশ পরিশ্রুত জল ও ৫ অংশ শোধিত সুরা মিশ্রিত করিলে পরীক্ষিত সুরা (প্রুফ্ স্পিরিট) প্রস্তুত হয়।

(ক) মিশ্‌চ্যুরা স্পিরিট ভাইনাই গ্যালিসাই।

(ব্রাণ্ডী ৪ আং, দারুচিনির জল ৪ আং, দুইটী অণ্ডের কুসুম, শর্করা ॥০ আং মিশ্রিত করিবে। মাত্রা ॥০—২ আং।)

ক্রিয়া। উত্তেজক, মস্তিস্ক সহজেই উত্তেজিত হয়। অধিক পরিমাণে সেবনে মদকতা উৎপন্ন হয়। দীর্ঘকাল ব্যবহারে আভ্যন্তরিক যন্ত্র সকলের পুরাতন প্রদাহ হয় ও অভ্যস্ত হইয়া পড়ে। অত্যন্ত অধিক পরিমাণে সেবনে মৃত্যু পর্য্যন্ত ও ঘটিতে পারে।

৩৫শ উত্তেজক।

ষ্ট্রামেনিয়ম্ লীভ্‌স এণ্ড সিড্‌স।

Stramonii Folia et Semian·

ধূস্তুর পত্র ও বীজ।

সলেনেসি জাতীয় ড্যাতুর্‌য়া ষ্ট্রামোনিয়ম্ নামক বৃক্ষের পত্র ও বীজ।

প্রঃ রূঃ। (১) এক্‌ষ্ট্রাক্‌টম্ ষ্ট্রামোনিয়াই। ধুতুরার পক্ক বীজ হইতে ইথর সহযোগে তৈলাংশ নির্গত করিয়া, পরে সুরার দ্বারা অসার করিয়া পরে সুরা চুয়াইয়া লইয়া জলস্বেদ যন্ত্রে গাঢ় করিবে। মাত্রা।০—॥০ গ্রেণ।)

(২) টীংচ্যুরা ষ্ট্রামোনিয়াই। (ধূতুরা-বীজ চূর্ণ ২॥০ আং, পরীক্ষিত সুরা ১ পাইণ্ট। মাত্রা, ১০—৩০ মিনিম্।)

স্বঃ। ধুতুরা পত্রের ও ফলের আকৃতি বর্ণন অনাবশ্যকীয়, যেহেতু ইহা আমাদিগের দেশজ ও সর্ব্বত্র পাওয়া যায়।

ক্রিয়া। বেদনানিবারক, স্নায়বীয় ও মস্তিষ্কউত্তেজক, মাদক,

নিদ্রাকারক, আক্ষেপ নিবারক, মূত্রকারক। চক্ষুতে লাগাইলে কনীনিকা প্রসারিত হয়।

ব্যবহার। বাত প্রভৃতি রোগে স্থানিক ব্যবহারে বেদনানিবারক। নানা প্রকার চক্ষুরোগে বেদনা নিবারণ ও কনীনিকা প্রসারিত করে।

শ্বাসকাশে ইহার পত্র চুরটের ন্যায় প্রস্তুত করিয়া তাহার ধূমপানে আক্ষেপ নিবারণ করিয়া উপকার করে। উন্মাদ, কোরিয়া প্রভৃতি রোগে ব্যবহার হয়।

ইহার ড্যাটুরাইন নামক বীর্য্য প্রবল বিষ। ধুতুরা ফল খাইয়া অনেকে উন্মত্ত হইতে দেখা গিয়াছে।

৫৬শ উত্তেজক।

আসব।

সুরা প্রস্তুত কালে ইহা প্রস্তুত হয়। সচরাচর পোর্ট, মেদেরা, সেরি, স্যাম্পেন্, বর্গণ্ডী, ক্ল্যারেট্, সিরাজ অরেঞ্জওয়াইন্, টোকে প্রভৃতি এই কয়েকটী আসব ঔষধার্থ ব্যবহৃত হয়।

ক্রিয়া। উত্তেজক কিন্তু সুরার ন্যায় প্রবল নহে; এবং যে যে রোগে সুরা ব্যবহার করা যায়, তাহাতে আসবও প্রয়োগ করা যায়।

বলকারক।

১ম বলকারক।

কলম্বা রুট্—Calumba Root.

মাত্রা চূর্ণ ৫—২০ গ্রেণ।

কক্কলস্ পাল্‌ম্যাটন্ লতার মূল।

প্রঃ রূঃ। (১) এক্‌ষ্ট্রাক্‌ট্ অব্ কলম্বা। (কলম্বা মূল ছোট ছোট কর্ত্তিত ১ পৌণ্ড, পরিশ্রুত জল ৪ পাইণ্ট। ম্যাসারেসন্ দ্বারা প্রস্তুত করিয়া জলস্বেদ যন্ত্রের উত্তাপে গাঢ় করিবে। মাত্রা ২—১০ গ্রেণ)।

(২) ইন্‌ফিউসন্ অব্ কলম্বা (কলম্বা মূল ছোট ছোট কর্ত্তিত ॥০ আং, শীতল পরিশ্রুত জল ১০ আং, ম্যাসারেসন্ দ্বারা প্রস্তুত করিবে। মাত্রা ১—২ আং)।

(৩) টিংচর অব্ কলম্বা। (কলম্বা মূল ছোট ছোট কর্ত্তিত ২॥০ আং, পরীক্ষিত সুরা ১ পাইণ্ট। ম্যাসাল্সেসন্ দ্বারা প্রস্তুত করিবে। মাত্রা ॥০ ২ ড্রাম)।

ক্রিয়া। তিক্ত, বলকারক ও অগ্নেয়, কিঞ্চিৎ বমন নিবারক।

ব্যবহার। পরিপাক ক্রিয়ার হ্রাস বশতঃ অজীর্ণ রোগ ও তৎসঙ্গে বমনাদি হইলে, ইহা দ্বারা বিশেষ উপকার দর্শে। গর্ভাবস্থায় বমন নিবারণ ও আভ্যন্তরিক অন্যান্য যান্ত্রিক পীড়া বশতঃ বমন নিবারণে ইহা বিশেষ উপযোগী। ডায়েরিয়া ও ডিসেন্‌ট্রিতে, বলকারক ঔষধ ব্যবস্থা হইলে, ইহা একটি উৎকৃষ্ট ঔষধ। ইহা প্রায়ই বলকারক বলিয়া, অন্যান্য ঔষধ সহ ব্যবহৃত হয়।

২য় বলকারক।

কোয়াসিয়া উড্—Quassia Wood.

পাইক্রিনা একসেল্‌সা নামক বৃক্ষের কাষ্ঠ।

প্রঃ রূঃ। (১) একষ্ট্রাক্‌ট্ অব্ কোয়াসিয়া (কোয়াসিয়া কাষ্ঠ-চূর্ণ ১ পৌং, পরিস্রুত জল প্রয়োজনানুরূপ। মাত্রা ৩—৫ গ্রেণ।)

(২) ইনফিউসন্ অব কোয়াসিয়া (কোয়াসিয়া কাষ্ঠ ৫৫ গ্রেণ, শীতল পরিশ্রুত জল ১০ আং। মাত্রা ১—২ আং,।)

(৩) টিংচর্ অব, কোয়াসিয়া (কোয়াসিয়া কাষ্ঠ ৮০আং, পরীক্ষিত সুরা ১ পাইন্ট্। ম্যাসারেসন্ দ্বারা প্রস্তুত হয়। মাত্রা ॥০—২ ড্রাম্।)

ক্রিয়া। তিক্ত বলকারক, আগ্নেয় ও কৃমিনাশক, অল্প পরিমাণে মাদক।

ব্যবহার। পরিপাকযন্ত্রের অস্বাভাবিক ক্রিয়াবশতঃ অজীর্ণ রোগে এবং সুরা সেবনবশতঃ অজীর্ণরোগে ব্যবহৃত হয়।

বাতরোগ জন্য পাকাশয়ে অম্ল জন্মিলে, এবং অজীর্ণাবস্থায় মলবদ্ধ হইলে, রোগ শেষে দৌর্ব্বল্যে ও উদরে কৃমি জন্মিলে ইহা দ্বারা উপকার হয়।

৩য় বলকারক।

জেন্সিয়ান্ রুট্—Gentian Root.

মাত্রা ১০—৩০ গ্রেণ্।

জেন্সিয়ানা লুটিয়া বৃক্ষের শুষ্ক মূল।

প্রঃ রূঃ। (১) একষ্ট্রাক্‌ট্ অব্ জেন্সিয়ান্ (মূল ১ পৌণ্ড, উষ্ণ পরিস্রুত জল ১ গ্যালন। মাত্রা ২—২০ গ্রেণ।)

(২) কম্পাউণ্ড ইনফিউসন্ অব্ জেন্সিয়ান্ (জেনসিয়ান্ মূল ৫৫ গ্রেণ, তিক্ত কমলালেবুর ত্বক ৫৫ গ্রেণ, সরস জম্বীর ত্বক ।০ আং উষ্ণ পরিশ্রুত জল ১০ আং। মাত্রা ১—২ আং।)

(৩) কম্পাউণ্ড্ টিংচর্ অব্ জেন্সিয়ান্। (জেন্সিয়ান মূল কুট্টিত ১৷৷০ আং, তিক্ত কমলালেবুর ত্বক্ কুট্টিত ৸০ আং, ছোট এলাচি চূর্ণ ।০ আং, পরীক্ষিত সুরা ১ পাইণ্ট। পার্কোলেশন দ্বারা প্রস্তুত করিতে হয়। মাত্রা ৷৷০—২ ড্রাম্।)

ক্রিয়া। তিক্ত বলকারক, আগ্নেয়। অধিক মাত্রায় বমন, বিবমিসা ও ভেদ হয়। অল্প কৃমিনাশক।

ব্যবহার। অজীর্ণ রোগে ব্যবস্থা। অন্ত্রে গোলমাল থাকিলে নিষিদ্ধ। রোগান্তে দৌর্ব্বল্যে অন্যান্য বলকারক ঔষধি সহ ব্যবহার হয়।

৪র্থ বলকারক।

চিরেতা—Chiretta.

অফিলিয়া চিরেতা নামক ওষধি।

প্রঃ রূঃ। (১) টিংচর অব্ চিরেতা (চিরেতা কুট্টিত ২৷৷০ আং, পরিশ্রুত সুরা ১ পাং। পার্কোলেসন্ দ্বারা প্রস্তুত করিতে হয়। মাত্রা ৷৷০—২ ড্রাম।

(২) ইনফিউসন্ চিরেতা (চিরেতা ২ ড্রাম, ১২০ তাপাংশের উষ্ণ জল ১০ আং। মাত্রা ১—২ আং।)

ক্রিয়া। জেন্সিয়ানের ন্যায় তিক্ত বলকারক, আগ্নেয়, রক্ত-পরিষ্কারক।

ব্যবহার। অজীর্ণ রোগে ব্যবহার হয়। অন্যান্য বলকারক

ঔষধ সহ ব্যবহার্য্য। সিঙ্কোনার পরিবর্ত্তে কেহ কেহ ইহা ব্যবহার করেন।

৫ম বলকারক।

হপ্—Lupulus (Hop)

হিউমিউলস্ লিউপিউলম্ লতার শুষ্ক পুষ্পগুচ্ছ।

প্রঃ রূঃ। (১) একষ্ট্রাক্ট অব্ হপ্ (হপ্ ১ পৌণ্ড, শোধিত সুরা ১॥০ পাইণ্ট, পরিশ্রুত জল ১ গ্যালন্। মাত্রা ৫—১৫ গ্রেণ্।)

(২) টীংচর অব্ হপ্। (হপ্ ২॥০ আং, পরীক্ষিত সুরা ১ পাইণ্ট, পার্কোলেসন্ দ্বারা প্রস্তুত করিবে। মাত্রা ॥০—২ ড্রাম্।)

(৩) ইন্‌ফিউসম্ অব্ হপ্ (হপ্ ॥০ আং, উষ্ণ পরিশ্রুত জল ১০ আং। মাত্রা ১—২ আং।)

ক্রিয়া। তিক্ত বলকারক, নিদ্রাকারক, আগ্নেয়, বেদনাহারক।

ব্যবহার। নিদ্রাকরণার্থ, বিবিধ রোগে ব্যবহার হয়, যথা মদাতঙ্ক ও জ্বরে অস্থিরতা ও প্রলাপ থাকিলে হপ্ নিদ্রা উপস্থিত করিয়া উপকার করে। ইহার ধূম ঘ্রাণ করিলে নিদ্রা উপস্থিত হয়। আরও নিদ্রা করণার্থ হপের বালিস ব্যবহার হয়।

কেহ কেহ বলেন, সর্দ্দিতে উপকার করে।

জননেন্দ্রিয়ের উগ্রতা নিবারণ জন্য ব্যবহার হয়। বলকারক ও আগ্নেয় বলিয়া ব্যবহার হয়।

৬ষ্ঠ বলকারক।

এন্থিমিডিস্ ফ্লোরিস্—ক্যামমাইল্—Chamomile flower.

এন্থেমিস্ নোবিলিম্ বৃক্ষের পুষ্প।

প্রঃ রূঃ। (১) ইনফিউসম অব্ ক্যামমিলা।—(শুষ্ক ক্যামমিল্ পুষ্প ॥০ আং, উষ্ণ পরিশ্রুত জল ১০ আং। মাত্রা ১—৪ আং)।

(২) একষ্ট্রাক্ট অব্ ক্যাম্মিল্। (পুষ্প ১ পৌং, ক্যামমিল্ তৈল ১৫ মিনিম্, পরিশ্রুত জল ১ গ্যালন। মাত্রা ২—১০ গ্রেণ্।)

(৩) অইল্ অব্ ক্যামমিল্। (পুষ্প হইতে চুয়াইয়া প্রস্তুত হয়। মাত্রা ১—৫ মিনিম্।)

ক্রিয়া। তিক্ত বলকারক। অধিক মাত্রায় বমনকারক। ইহাতে যে তৈল আছে তজ্জন্যই উত্তেজক ও বায়ুনাশক।

ব্যবহার। পূর্ব্বে ইণ্টারমিট্যাণ্ট ফিবারে ব্যবহার হইত। অন্ত্রের দৌর্ব্বল্যবশতঃ অজীর্ণ রোগে ব্যবহৃত হয়।

শিশুদিগের দন্তোদ্গামকালের অন্ত্রের উগ্রতা, তড়্কা প্রভৃতি রোগে ইহা বিশেষ উপযোগী। তদ্ব্যতীত বালকের উদরশূলে ও হিষ্টিরিয়া রোগগ্রস্ত স্ত্রীলোকের উদর শূলে ইহার তৈল ব্যবহৃত হয়।

ইহার ইনফিউসম্ অর্শ রোগে ও চক্ষুর সামান্য দুর্ব্বলতায় কখন কখনও ব্যবহার হয়।

৭ম বলকারক।

মার্—Marrh.

মাত্রা ১০—২০ গ্রেণ।

ব্যালস্যামোডেণ্ড্রম্ মার্ নামক বৃক্ষের ধূমাযুক্ত গঁদ ও রস।

প্রঃ রূঃ। কম্পাউণ্ড্ এলোজ ডিকক্সন্,, কম্পাউণ্ড পিল অব্

মার্ ও এলোজ্, কম্পাউণ্ড পিল অব্ এসাফিটিডা, কম্পাউণ্ড পিল্ অব্ রিয়াই, এই কয় ঔষধ প্রস্তুত করিতে মার্ প্রয়োজন হয়।

টীংচর্ অব্ মার্। (মার্ চূর্ণ ২॥০ আং, পরিশ্রুত সুরা ১ পাইণ্ট। ম্যাসারেসন্ ও পার্কোলেসন্ দ্বারা প্রস্তুত করিতে হয়। মাত্রা ১—২ ড্রাম্।)

ক্রিয়া। বলকারক, উত্তেজক, রজোনিঃসারক, আগ্নেয়, কফনিঃসারক।

ব্যবহার। বাল্যাবস্থার ডায়েরিয়া ও অজীর্ণ রোগে, বৃদ্ধাবস্থার শ্বাসরোগে, কষ্টরজোতে, রোগান্তে দৌর্ব্বল্যে ব্যবহার হয়। শ্বেতপ্রদর রোগে কেহ কেহ ব্যবহার করিতে অনুমতি করেন। মুখক্ষতে ইহার কুল্য ব্যবহার হয়।

৮ম বলকারক।

সার্পেণ্টারি রুট্—Serpentary Root.

এরিস্ টোলোকিয়া সার্পেণ্ট্যারিয়া বৃক্ষের শুষ্ক মূল।

প্রঃ রূঃ। টীংচর্ সিঙ্কোনা কম্পোজিটা প্রস্তুত করিতে ব্যবহার হয়।

(১) ইন্‌ফিউসম্ সার্পেণ্ট্যারি। (সার্পেণ্টারি মূল কুট্টিত।০ আং, উষ্ণ পরিশ্রুত জল ১০ আং। মাত্রা ১—২ আং।)

(২) টীংচর্ সার্পেণ্টারি (সার্পেণ্টারি মূল কুট্টিত ২॥০ আং, পরীক্ষিত সুরা ১ পাইণ্ট। ম্যাসারেসন্ ও পার্কোলেসন্ দ্বারা প্রস্তুত করিতে হয়। মাত্রা ॥০—২ ড্রাম্।

ক্রিয়া। উত্তেজক, বলকারক, আগ্নেয় ও ঘর্ম্মকারক।

ব্যবহার। উত্তেজনার্থ টাইফইড্ জ্বর, ইণ্টার্‌মিটেণ্ট জ্বর ইত্যাদিতে এবং দুর্ব্বলাবস্থায় এবং এমিনোরিয়ায় ব্যবহার হয়। অজীর্ণ রোগেও উপকার করে।

৯ম বলকারক।

ক্যাস ক্যারিলা বার্ক—Cascarilla Bark.

চূর্ণের মাত্রা ৫—২০ গ্রেণ।

ক্রুটন ইলিউটিরিয়া বৃক্ষের বল্কল।

প্রঃ রূঃ। (১) ইন্ফিউসম্ ক্যাস্ক্যারিলা (ক্যাস্ক্যারিলা চূর্ণ ২ আং. স্ফুটিত পরিশ্রুত জল ১ পাইণ্ট। মাত্রা ১—২ আং।)

(২) টীংচর্ অব্ ক্যাস্ক্যারিলা। (ক্যাস্ক্যারিলা কুট্টিত ২॥০ আং, পরীক্ষিত সুরা ১ পাইণ্ট। পার্কোলেসন্ দ্বারা প্রস্তুত করিতে হয়। মাত্রা ॥০—২ ড্রাম।)

ক্রিয়া। বলকারক, অল্প সঙ্কোচক, আগ্নেয়, অল্প কফনিঃসারক, বায়ুনাশক।

ব্যবহার। জ্বরাদি রোগান্তে বলকারক ঔষধ সহ ব্যবহার্য্য।

ডিসেণ্ট্রি, ডায়েরিয়া, অজীর্ণ রোগে অন্যান্য ঔষধ সহ ব্যবহার হয়। ইণ্টার্মিটেণ্ট্ রোগে সিঙ্কোনার পরিবর্ত্তে কেহ কেহ ব্যবহার করেন। কাস রোগে শ্লেষ্মা নিঃসরণ করিবার জন্য প্রয়োগ হয়।

১০ম বলকারক।

কস্প্যারিয়া বার্ক—Cusparia Bark.

চূর্ণের মাত্রা ১০—৪০ গ্রেণ্।

গ্যালিপিয়া কস্প্যারিয়া বৃক্ষের বল্কল।

প্রঃ রূঃ। ইন্ফিউসম্ অব্ কস্প্যারিয়া। (কস্প্যারিয়া ॥০ আং, ১২০ তাপাংশের উষ্ণ পরিশ্রুত জল ॥০ পাইণ্ট্। মাত্রা ১—২ আং।)

ক্রিয়া। বলকারক। কোনমতেই সংকোচক নহে। উত্তেজক, আগ্নেয়, জ্বরনাশক।

ব্যবহার। সিঙ্কোনার ন্যায় অনেকাংশে কার্য্য করে। নিম্ন ও জলাদেশীয় জ্বরে এবং ইণ্টার্‌মিটেণ্ট জ্বরে ব্যবহার হয়। অজীর্ণ রোগে ডায়েরিয়া ও ডিসেন্‌ট্রিতে ব্যবহার হয়। রোগান্তে দৌর্ব্বল্যেও কখন কখন ব্যবহার হয়।

১১শ বলকারক।

সিঙ্কোনা—Cinchona.

মাত্রা { পীত সিঙ্কোনা চূর্ণ ১০—৬০ গ্রেণ্‌।
পাণ্ডু সিঙ্কোনা চূর্ণ ১০—৬০ গ্রেণ্‌।
লোহিত সিঙ্কোনা চূর্ণ ১০—৬০ গ্রেণ্‌।

তিন প্রকার সিঙ্কোনা বল্কল আছে ঃ—পীত, লোহিত ও পাণ্ডুবর্ণ। সকলই সিঙ্কোনা জাতীয় নানা প্রকার বৃক্ষ হইতে উৎপন্ন হয়।

প্রঃ রূঃ। (১) ডিককৃসন্‌ অব্‌ সিঙ্কোনা। (সিঙ্কোনা চূর্ণ ১।০ আং, পরিশ্রুত জল ১ পাইণ্ট। উত্তাপ দিয়া প্রস্তুত করিতে হয়। মাত্রা ১—২ আং,।)

(২) লিকুইড্‌ একৃষ্ট্রাক্ট অব সিঙ্কোনা (সিঙ্কোনা বার্ক কুট্টিত ২০ আং, হাইড্রোক্লোরিক্‌ এসিড্‌ ৫ ড্রাম্‌, গ্লিস্‌রীন্‌ ২।।০ আং, শোধিত সুরা ও পরিশ্রুত জল প্রয়োজনানুরূপ। মাত্রা ৫—১০ মিনিম্‌।)

(৩) এসিড ইন্‌ফিউসম অব্‌ সিঙ্কোনা (সিঙ্কোনা কুট্টিত ।।০ আং, স্ফুটিত পরিশ্রুত জল ১০ আং, এরোম্যাটিক সল্‌ফিউরিক এসিড ১ ড্রাম। মাত্রা ১—২ আং।)

(৪) টীংচর্‌ অব্‌ সিঙ্কোনা সিঙ্কোনা চূর্ণ ৪ আং, পরীক্ষিত

সুরা ১ পাইণ্ট পার্কোলেসন্ দ্বারা প্রস্তুত হয়। মাত্রা ॥০—২ ড্রাম।)

(৫) কম্পাউণ্ড্ টিংচর্ অব্ সিঙ্কোনা। (সিঙ্কোনাচূর্ণ ২ আং তিক্ত কমলা লেবুর ত্বক্ কুট্টিত ১ আং, সার্পেণ্ট্যারি মূল কুট্টিত॥০ আং, স্যাফ্রন্ ৫৫ গ্রেণ, কোচিনিয়াল্ চূর্ণ ১৮ গ্রেণ্, পরীক্ষিত সুরা ১ পাইণ্ট। পার্কোলেসন্ দ্বারা প্রস্তুত হয়। মাত্রা ॥০—১ ড্রাম।)

পীত সিঙ্কোনা জড়ান ও চেপ্টা এই দুই প্রকার পাওয়া যায়। লোহিত সিঙ্কোনা জড়ান ও চেপ্টা, দুই প্রকার পাওয়া যায়। পাণ্ডু সিঙ্কোনা সর্ব্বদাই জড়ান অবস্থায় পাওয়া যায়, কখন চেপ্টা আকারে পাওয়া যায় না।

এতদ্ব্যতীত আরও নানা প্রকার সিঙ্কোনা আছে, কিন্তু তাহা সদা সর্ব্বদা ব্যবহার হয় না। এক পাউণ্ড পীত সিঙ্কোনাতে সল্ফিউরিক এসিড্ দিলে প্রায় ৩ ড্রাম ডাইসল্ফেট্ অব্ কুইনা পাওয়া যায়।

ক্রিয়া। বলকারক, আগ্নেয়, পর্য্যায়নিবারক। বাহ্য ব্যবহার পচননিবারক ও সঙ্কোচক।

ব্যবহার। পর্য্যায়জ্বরে, হেক্‌টিক্ জ্বরে ও রোগান্তে দৌর্ব্বল্যে অত্যন্ত উপকারের সহিত ব্যবহার হয়। মুখক্ষতে ব্রাণ্ডী সহযোগে ইহার কুল্য সমূহ উপকারী। পচাক্ষতে পচন নিবারক হইয়া উপকার করে।

সিঙ্কোনার হইতে প্রস্তুত উপক্ষার সকল ,—সল্ফেট অব্ কুইনাইন্, সল্ফেট অব্ সিঙ্কোনিডাইন্, সল্ফেট্ অব সিঙ্কোনাইন, হাইড্রোক্লোরেট্ অব্ কুইনাইন্।

কুইনাইন—(Quinine) Sulphate of Quinine

মাত্রা। { ১—৩ গ্রেণ বলকারক। ৩—১০ গ্রেণ পর্য্যায়নিবারক।

কুইনাসল্ফ্ (সিঙ্কোনাচূর্ণ ১ পাউণ্ড, হাইড্রোক্লোলরিক্ এসিড

৩ আং, পরিশ্রুত জল প্রয়োজনানুরূপ, সোডা দ্রব ৪ পাইণ্ট. জল মিশ্র মিশ্র গন্ধক দ্রাবক প্রয়োজনানুরূপ। মাত্রা ১—১০ গ্রেণ।)

প্রঃ রূঃ। (১) টিংচর অব্ কুইনা (সল্‌ফেট্ অব্ কুইনা ১৬০ গ্রেণ, টিংচর অব্ অরেঞ্জ পিল্ ১ পাইণ্ট। এক ড্রামে এক গ্রেণ্ কুইনাইন্ আছে। মাত্রা ৷৷০—২ ড্রাম।

(২) পিল অব কুইনা। (সলফেট অব্ কুইনাইন্ ৬০ গ্রেণ, গোলাবের খণ্ড (কন্‌ফেক্‌সন্ অব রোজ) ২০ গ্রেণ। মাত্রা ২—১০ গ্রেণ।)

(৩) ভাইনম্ কুইনি—ওয়াইন্ অব কুইনা। (সলফেট অব্ কুইনা ২০ গ্রেণ, সাইট্রিক্ এসিড্ ৩০ গ্রেণ, অরেঞ্জ ওয়াইন্ ১ পাইণ্ট। মাত্রা ৷৷০—১ আং।)

(৪) এমোনিয়েটেড্ টিংচর্ অব্ কুইনাইন্। (কুইনাইন্ ১৬০ গ্রেণ, সল্যুউসন্ অব এমোনিয়া ২৷৷০ আং, পরীক্ষিত সুরা ১৭৷৷০ আং। মাত্রা ৷৷০—২ ড্রাম্)।

স্বঃ। শ্বেতবর্ণ, গন্ধহীন, সূত্রখণ্ডবৎ, তিক্তাস্বাদযুক্ত।

ক্রিয়া। বিশুদ্ধ তিক্ত বলকারক, পর্য্যায়নিবারক, অত্যন্ত অধিক পরিমাণে ব্যবহারে মৃত্যু পর্য্যন্তও ঘটিবার সম্ভাবনা। বলকারক বলিয়া প্রায়ই ১—৩ গ্রেণ ব্যবহার হয়; আর পর্য্যায়নিবারক বলিয়া ১৩—১০ গ্রেণ পর্য্যন্ত ব্যবহার হয়। অধিক কুইনাইন্ ব্যবহারে শিরঃপীড়া, শিরঘূর্ণন, কর্ণে ঝিঁ ঝিঁ শব্দ, শরীরে কম্পন ও দৌর্ব্বল্যানুভব ইত্যাদি লক্ষণ সমূহ উপস্থিত হয়, ইহা বিশেষরূপে স্মরণ রাখা কর্ত্তব্য।

ব্যবহার। জ্বর রোগের বিশ্রামকালে ইহা ব্যবহারে পুনর্ব্বার জ্বর না আসিবার সম্ভাবনা। কেহ কেহ জ্বর কালীন ব্যবহারও অনুমোদন করেন। জ্বর হইতে আরোগ্যান্তে বলকারক বলিয়া ১—৩ গ্রেণ মাত্রায় অন্যান্য তিক্ত বলকারক ঔষধ সহ ব্যবহার হয়। কুইনাইন্ প্রায় সমস্ত জ্বরের মহৌষধ বলিলেও বলা যায়। ইণ্টার্‌মিটেণ্ট, রেমিটেণ্ট,

টাইফস্, টাইফইড্ ও প্রাদাহিক জ্বরে ইহা ব্যবহারে প্রায়ই উৎকৃষ্ট ফল লাভ করা যায়। প্লীহা রোগের ইহা আজ কাল মহৌষধ।

টিটেনস্ রোগে অধিক মাত্রায় ব্যবহারে বিশেষ উপকার দর্শে। দুর্নিবার শিরঃপীড়ায় ইহা বিশেষ উপযোগী; বাত, স্নায়ুশূল, ষ্টিক্চর, এমসিস্ ইত্যাদি রোগে বিশেষ উপকার করে। ঘাম, বসন্ত, সপর্য্যায় শ্বাসকাস, নিউমোনিয়া, দুর্নিবার যক্ষ্মা, ইত্যাদি কঠিন রোগে কুইনাইন্ দ্বারা যথেষ্ট উপকার পাওয়া যায়।

সিঙ্কোনিডাইনি সলফাস্—সলফেট্ অব্ সিঙ্কোনিডাইন্। সলফেট্ অব্ কুইনাইন্ প্রস্তুতের যে দ্রব্য অবশিষ্ট থাকে তাহা হইতে ইহা প্রস্তুত হয়। মাত্রা ১—১০ গ্রেণ।

স্বঃ। দেখিতে বর্ণহীন, দানাযুক্ত, সৌত্রিক। জল, ইথর ও সুরা-বীর্য্যে দ্রবনীয়। ক্রিয়া কুইনাইন্ অপেক্ষা মৃদু।

সিঙ্কোনাইনি সল্ফাস্—সলফেট অব্ সিঙ্কোনাইন্। কুই-নাইন্, সিঙ্কোনিডাইন্ প্রভৃতি প্রস্তুত হওয়ার পরে যে দ্রব্য অবশিষ্ট থাকে তাহা হইতে ইহা প্রস্তুত হয়। মাত্রা ১—১০ গ্রেণ।

স্বঃ। বর্ণহীন, ক্ষুদ্র স্তম্ভাকার দানাযুক্ত।

কুইনাইনি হাইড্রোক্লোরাস্—**হাইড্রোক্লোরেট অব কুইনাইন্**। সলফেট্ অব্ কুইনাইন্ প্রস্তুত প্রণালীতে ইহা প্রস্তুত হয়। মাত্রা ১—১০ গ্রেণ।

স্বঃ। বর্ণহীন, দানাযুক্ত, দানাগুলি সল্ফেট অব্ কুইনাইনের দানা অপেক্ষা বৃহৎ।

ক্রিয়া। কুইনাইনের ন্যায়।

১২শ বলকারক।

সল্ফিউরিক্ এসিড্ (গন্ধক দ্রাবক)

Sulphuric Acid.

অপরিশুদ্ধ গন্ধকদ্রাবক ১২ আং, এমোনিয়া সলফেট চূর্ণ ।০ আং, এই উভয় দ্রব্য একত্র করিয়া চুয়াইতে হইবে। চুয়াইবার কালে যন্ত্রে কয়েক খণ্ড প্ল্যাটিনম্ ধাতু রাখিতে হয়।

প্রঃ রূঃ। (১) সলফিউরিক্ এসিড্ এরোম্যাটিক্। (টিং জিঞ্জার ২ আং, স্পিরিট অব সিনামন্ ২ আং, শোধিত সুরা ৩৬ আং, গন্ধক দ্রাবক ৩ আং। মাত্রা ৫—৩০ মিনিম্)।

(২) ডাইলিউটেড সলফিউরিক্ এসিড। (গন্ধক দ্রাবক ৭ আং, পরিশ্রুত জল প্রয়োজনানুরূপ। প্রায় ১২ গুণ জল যোগ করা হইয়া থাকে। আপেক্ষিক গুরুত্ব ১'০৯৪। মাত্রা ৫—৩০ মিনিম্।)

(৩) ইন্‌ফিউসম্ রোজি এসিডম্। (১২শ সংখ্যক সঙ্কোচক ঔষধ দেখ।)

স্বঃ। তরল পদার্থ, ঈষৎ পীতবর্ণ, অম্লাস্বাদ।

ক্রিয়া। নির্জ্জল দ্রাবকের আভ্যন্তরিক ব্যবহার হয় না। জলমিশ্র দ্রাবক অল্প মাত্রায় বলকারক, শৈত্যকারক, সঙ্কোচক, ক্ষারনাশক। নির্জ্জল দ্রাবক দাহক ও সেবনে প্রবল বিষক্রিয়া করে।

ব্যবহার। ইহার সঙ্কোচক ক্রিয়া অতি চমৎকার রূপে প্রকাশ পায়, তজ্জন্য বিবিধ অপ্রদাহিক রক্তস্রাবে রক্ত রোধার্থ ব্যবহার হয়। হিমপটিসিস্, এপিস্‌ট্যাক্‌সিস্ (নাসিকা হইতে রক্তস্রাব) এবং জরায়ু, পাকযন্ত্র, বা অন্ত্র হইতে অল্প রক্তস্রাবে রক্ত রোধ করিয়া উপকার করে। হেক্‌টিক্ জ্বরের উদরাময়ে ও ঘর্ম্মে ফলদায়ক। বসন্ত রোগে গুটী সমস্ত দুষ্ট রক্তে পূর্ণ হইলে ও প্রস্রাব সম্বলিত দুষ্ট রক্ত নির্গত হইলে অন্যান্য

বলকারক ঔষধ সহযোগে বিশেষ উপকার করে। সাধারণ ডায়েরিয়া (উদরাময়) রোগে এবং ক্রণিক্ ডায়েরিয়াতে অন্যান্য যত প্রকার সংকোচক ঔষধ ব্যবহার করা যায়, ইহা তৎসমস্ত হইতে উত্তম ক্রিয়া দর্শায়। প্রস্রাবের ক্ষারত্বদোষে, সীসশূলে, কলেরা সংঘটিত উদরাময়ে ইহা বিশেষ উপকার করে। লাইকেন্, প্রুরাইগো ইত্যাদি চর্ম্মরোগে জলমিশ্র গন্ধক দ্রাবক অতি উৎকৃষ্ট ক্রিয়া করে।

বাহ্য ব্যবহারে, বিষাক্ত জন্তু দংশনে নির্জ্জল এসিড্ দাহক হইয়া প্রতিকার করে। মুখবিবর ক্ষতে গন্ধক দ্রাবক অত্যন্ত জলমিশ্র করিয়া ব্যবহার হইত। পুরাতন বাত, পক্ষাঘাতাদি রোগে ১ ড্রাম্ দ্রাবক ও ১ আং শূকরের বসা মিশ্রিত মলমের স্থানিক মর্দ্দন সমূহ উপকারী। নানাবিধ চর্ম্মরোগে ব্যবহার হয়।

১৩শ বলকারক।

নাইট্রিক্ এসিড্—(যবক্ষার দ্রাবক) Nitric Acid.

নাইট্রেট্ অব পটাশ্ (যবক্ষার) ২ পাউণ্ড, গন্ধক দ্রাবক ১০ আং সহযোগে চুয়াইলে ইহা প্রস্তুত হয়।

প্রঃ রূঃ। (১) ডাইলিউটেড্ নাইট্রিক্ এসিড্। (নাইট্রিক্ এসিড ৬ আং, পরিশ্রুত জল প্রচুর পরিমাণে; আপেক্ষিক গুরুত্ব ১·১০১। মাত্রা ১০—৩০ মিনিম্।)

নাইট্রোহাইড্রোক্লোরিক্ এসিড ডাইলিউটেড, লাইকর ফেরি পার্নাইট্র্যাটিস, লাইকর হাইড্রার্জিরাই নাইট্র্যাটিস এসিডস্, অঙ্গুয়েণ্টম্ হাইড্রোর্জিরাই নাইট্র্যাটিস্ প্রস্তুত জন্য ব্যবহার হয়।

স্বঃ। বর্ণহীন, তরল পদার্থ, বিকট গন্ধযুক্ত, অম্ল ও কষায় আস্বাদ। ক্রিয়া। নির্জ্জল দ্রাবক অত্যন্ত দাহক। জলমিশ্র দ্রাবক অল্প পরিমাণে

বলকারক, আগ্নেয়, ক্ষারনাশক, শৈত্যকারক, পরিবর্ত্তক, সংকোচক, পিত্তনিঃসারক। নির্জ্জল দ্রাবক ভক্ষণে প্রবল বিষক্রিয়া করে।

ব্যবহার। পুরাতন যকৃত প্রদাহ, অধিক পারদ সেবন বশতঃ পীড়ায়, উপদংশ রোগের ২য় অবস্থায় বিশেষ সুফল দর্শায়। উপদংশ রোগে ইহা এত উপকার করে যে, পারদ পরিবর্ত্তে ব্যবহার হয়; কিন্তু যদি স্ক্রফিউলা বর্ত্তমান থাকে, তবে কোন ক্রিয়া দর্শায় না। হুপিংকফ রোগে ডাং গিব ইহা ব্যবহার করিয়া বিশেষ উপকার পাইয়াছেন। জ্বর বা অন্য পীড়াস্তে আগ্নেয় বলিয়া ব্যবহার হয়।

নির্জ্জল দ্রাবক অর্শে, আঁচিলে, বিষাক্ত ক্ষতে, বিষালু জন্তুদংশনে, পচা ক্ষতে দাহক হইয়া উপকার করে। অর্শতে ইহা প্রয়োগ সময়ে জলপাই তৈল বা অন্য ধূনার মলম পার্শ্বস্থ স্থানে লাগাইয়া রাখা উচিত।

——

১৪শ বলকারক।

হাইড্রোক্লোরিক্ এসিড্ (মিউরিয়াটিক্ এসিড)।

Hydrochloric Acid.

ক্লোরাইড্ অব্ সোডিয়ম্ ৪৮ আং, গন্ধকদ্রাবক ৪৪ আং, জল ৩৬ আং, পরিশ্রুত জল ৫০ আং।

প্রঃ রূঃ। ডাইলিউটেড্ হাইড্রোক্লোরিক এসিড্। (হাইড্রো-ক্লোরিক্ এসিড্ ৮ আং, পরিশ্রুত জল প্রচুর পরিমাণে। আপেক্ষিক গুরুত্ব ১·০০৫২। মাত্রা ১০—৩০ মিনিম্।)

স্বঃ। বর্ণহীন তরল পদার্থ, উগ্র গন্ধবিশিষ্ট। শ্বেতবর্ণ ধূম নির্গত হয়; তীক্ষ্ণ অম্লাস্বাদ।

ক্রিয়া নির্জ্জল দ্রাবক দাহক; কখনই আভ্যন্তরিক ব্যবহার হয়

না। জলমিশ্র দ্রাবক অল্প মাত্রায় বলকারক, শৈত্যকারক, পরিবর্ত্তক, ক্ষারনাশক, আগ্নেয়। কেহ কেহ বলেন কৃমিনাশক।

ব্যবহার। স্কার্লে টিনা, টাইফস, টাইফইড্ ও নানা প্রকার জ্বরে ইহা বিশেষ উপকার করে। ডিপ্থিরাইটিস্, পাকাশয়-দৌর্ব্বল্যে, বিশেষতঃ প্রস্রাবে ফস্ফেটস্ জন্মিলে ইহা বলকারক ও উপকারক। অজীর্ণ রোগে জলমিশ্র দ্রাবক ডাঃ প্যারেরার মতে বিশেষ উপযোগী। স্কার্লে-টিনা জনিত মুখ মধ্যে ক্ষত ও অন্যান্য নানা প্রকার মুখ-বিবরের ক্ষতে, অন্য প্রকার কুল্যসহ ব্যবহারে দাহক হইয়া অতি চমৎকার ফল দর্শায়। ক্যাঙ্ক্রম্ অরিস্ ক্ষতে এবং হস্পিট্যাল গ্যাঙ্গ্রিনে সমূহ উপকার করে।

১৫শ বলকারক।

নাইট্রো-হাইড্রোক্লোরিক্ এসিড ডাইলিউটেড

(ডাইলিউট্ নাইট্রো-মিউরিয়াটিক্ এসিড্।)

Nitro-Hydrochloric Acid Diluted.

মাত্রা ৫—২০ মিনিম্।

নাইট্রিক্ এসিড ৩ আং, হাইড্রোক্লোরিক্ এসিড ৪ আং, পরি-স্রুত জল ২৫ আং।

স্বঃ। বর্ণহীন, অম্লাস্বাদ। আক্ষেপিক গুরুত্ব ১'০৬৭।

ক্রিয়া। বলকারক, আগ্নেয়, ক্ষারনাশক, পিত্তনিঃসারক, পরিবর্ত্তক।

ব্যবহার। যকৃৎপ্রদাহ ও বিবর্দ্ধনে, উপদংশ রোগের ২য় অবস্থায়, ঔপদংশিক বা পারদীয় ইরপসনে (Erruptions), জন্ডিস্ (কামোল, নেবা) প্রস্রাবে ক্ষারত্ব দোষে ও প্রস্রাবে অক্জ্যালিক্ এসিড জন্মিলে ইত্যাদি রোগে অতীব উপকার করে। পুরাতন কাস রোগে

ইহা দ্বারা বক্ষঃস্থল ধৌত করিলে উপকারের সম্ভাবনা। রিমিটেণ্ট ফিবারে লিভারের কঞ্জেসূসন্ থাকিলে ইহা বিলক্ষণ উপকার করিয়া থাকে।

১৬শ বলকারক।

কন্সেণ্ট্রেটেড্ ফস্ফরিক্ এসিড্।

Phosphoric Acid Concentrated.

মাত্রা ২—৫ মিনিম্।

ফস্ফরস্ ৫১৩ গ্রেণ, নাইট্রিক্ এসিড ৬ আং, পরিশ্রুত জল প্রয়োজনানুরূপ।

প্রঃ। ডাইলিউটেড্ ফস্ফরিক্ এসিড্। (কন্সেণ্ট্রেটেড্ ফস্ফরিক এসিড্ ৩ আং, পরিশ্রুত জল ২০ আং। ইহাতে শতকরা ১০ অংশ ফস্ফরিক এন্হাইড্রাইড আছে। মাত্রা ১০—৩০ মিনিম্।

স্বঃ। বর্ণহীন, তরল পদার্থ, কটু ও অম্ল আস্বাদ বিশিষ্ট। আপেক্ষিক গুরুত্ব ১·০৮।

ক্রিয়া। বলকারক, শৈত্যকারক, কামোদ্দীপক, পরিবর্ত্তক, অধিক মাত্রায় বিষক্রিয়া করে।

ব্যবহার। পাক যন্ত্রের দৌর্ব্বল্যে অন্যান্য ধাতব অম্লের ন্যায় ক্রিয়া করে। প্রস্রাবে ফস্ফেট বিশেষতঃ ফস্ফেট অব লাইম্ জন্মিলে বিশেষ উপকার করে। অধিক জলে মিশ্রিত করিলে ডায়াবিটিস্ রোগে ব্যবহার করা যায়। কিন্তু ফস্ফরিক এসিড্ অধিক ব্যবহার হয় না। টাইফস্ ও টাইফইড জ্বরে অন্যান্য দ্রাবকের ন্যায় ব্যবহার হয়।

১৭শ বলকারক।

নাইট্রেট্ অব্ সিলভর্—(কষ্টিক্) Silver Nitrate.

মাত্রা $\frac{১}{৬}$—$\frac{১}{৩}$ গ্রেণ।

বিশুদ্ধ রৌপ্য ৩ আং, নাইট্রিক্ এসিড্ ২॥০ আং, পরিশ্রুত জল ৫ আং।

প্রঃ। (১) আর্জেণ্টাইএট পটাশিয়াই নাইট্রাস্ অর্থাৎ নাইটে টঅব্ সিলভর এণ্ড পটাশিয়ম্। (নাইটে ট অব সিল্‌ভার ১ আং, নাইট্রে ট অব পটাশিয়ম্ ২ আং যোগ করিলে প্রস্তুত হয়।)

(২) টফণ্ড্ কষ্টিক বা টফণ্ড নাইট্রেট অব সিলভার। (নাইট্রে ট অব্ সিলভার ৯৫ অংশে, নাইট্রে ট অব পটাশিয়ম্ ৫ অংশ যোগে ইহা প্রস্তুত হয়।)

স্বঃ। বর্ণহীন, কোণবিশিষ্ট দানা বা শ্বেতবর্ণ বর্ত্তিকাকার।

ক্রিয়া। বলকারক, সংকোচক, আক্ষেপনিবারক, এবং অবসাদক। বটিসহ বা বটিকাকারেই প্রায় ব্যবহার হয়। অধিক দিন ব্যবহারে নীলবর্ণ হইতে পারে। বাহ্যিক দাহক, ফোস্কাকারক। অধিক মাত্রায় প্রদাহিক বিষক্রিয়া করে।

ব্যবহার। থাইসিস্ রোগের প্রথমাবস্থায়, পুরাতন পাকাশয় প্রদাহে এবং এঞ্জাইনা পেক্টর্রিস্ রোগে বলকারক হইয়া উপকার করে। এপিলেপ্সি, হিষ্টিরিয়া এবং কেরিয়া প্রভৃতি আক্ষেপ জনিত রোগে প্রায় অন্যান্য ঔষধ অপেক্ষা বিশেষ উপকারী। তরুণ ও পুরাতন অতিসারে, বিবিধ উদরাময় রোগে সমূহ উপকার করে।

বাহ্য ব্যবহার। ক্ষুদ্র ক্ষুদ্র কৈশিক নাড়ী হইতে রক্তস্রাব হইলে, তাহা অবরোধ করে; এই জন্য জলৌকা-দংশন স্থলে লাগাইলে রক্তস্রাব রোধ হয়। ইরিসিপেলাস্ রোগে ক্ষত বর্দ্ধিতায়তন হইতে

না দিবার জন্য ইহা ব্যবহার হয়। বিশেষ দুর্দ্দম্য ক্ষতে চমৎকার ফল দর্শে। স্যাঙ্কার রোগের প্রথমাবস্থায় ইহা ব্যবহার করিলে ক্ষত বর্দ্ধিত হইতে পারে না। মুখ, তালু ও গলাদি প্রদাহ ও ক্ষতে ইহার উগ্র দ্রব মহোপকারক। চক্ষু রোগে, যেমত কর্ণিয়া ক্ষতে, ঔপদংশিক অপথাল্‌মিয়া, ও পুরাতন কনজংটাইভাইটিস ইত্যাদি রোগে বিশেষ উপকার করে। স্ত্রী ও পুরুষ উভয়েরই গনোরিয়াতে, ইহার পিচকারী, এবং ষ্ট্রিক্‌চর্‌ অব্‌ দি ইউরিথ্রা ও ইসফেগস রোগে কষ্টিক পেন্সিল ব্যবহার বিলক্ষণ উপকারী। দন্তমাঢ়ী, জিহ্বা ও মুখবিবর-ক্ষতে সর্ব্বদাই ব্যবহার হয়। একজিমা, ইম্পিটাইগো প্রভৃতি চর্ম্মরোগে, এবং হার্পিজ প্রিপিউটিয়ালিস্‌ ও হার্পিজ্‌ ল্যাবিলিয়ানিস্‌, শবচ্ছেদ ক্ষত (ডিসেক্‌টিং উণ্ড), বিষালু জন্তু দংশন প্রভৃতিতে সর্ব্বদাই ব্যবহার হয়।

১৮শ বলকারক।

অক্‌সাইড্‌ অব্‌ সিল্‌ভর্‌—Oxide of Silver.

মাত্রা ½—২ গ্রেণ।

নাইট্রেট অব্‌ সিলভর ½ আং, সল্যুসন্‌ অব্‌ লাইম্‌ ৩½ পাইণ্ট, পরিশ্রুত জল ১০ আং।

স্বঃ। পাটলবর্ণ চূর্ণ।

ক্রিয়া। বলকারক, সংকোচক, আক্ষেপ নিবারক, অল্প দাহক।

ব্যবহার। পুরাতন পাকাশয়-প্রদাহ, মেনরেজিয়া, হিমিটিমেসিস্‌ ও হিম্পটিসিস্‌ প্রভৃতি রোগে ব্যবহার হয়। প্রমেহ রোগে ও উপদংশীয় ক্ষতে ইহার মলম (১০ গ্রেণ, বসা ১ ড্রাম্‌) উপকারী।

১৯শ বলকারক।

সলফেট্ অব্ কপার—(তুতিয়া) Sulphate of Copper.

মাত্রা। { ।০—২ গ্রেণ সঙ্কোচক ও বলকারক।
৫—১০ গ্রেণ বমনকারক।

গন্ধক দ্রাবক ও তাম্র একত্রে উত্তাপ দ্বারা প্রস্তুত হয়।

স্বঃ। নীলবর্ণ, দানা বিশিষ্ট, জলে দ্রবণীয়।

অসম্মিলন। ক্ষার, ক্ষার কার্ব্বনেট, গন্ধক দ্রাবক ব্যতীত সমস্ত মিন্যার্যাল এসিড, সীস ও রৌপ্য ধাতু ঘটিত লবণ, রসকপূর্র ও অনেক উদ্ভিজ্জ ক্বাথ ও অরিষ্ট।

ক্রিয়া। সঙ্কোচক, আক্ষেপ নিবারক, আগ্নেয়, বলকারক। অধিক মাত্রায় (১০ গ্রেণ) বমনকারক। বাহ্য ব্যবহারে উত্তেজক, সঙ্কোচক ও দাহক। অধিক মাত্রায় বিষক্রিয়া করে।

ব্যবহার। সঙ্কোচক, তন্নিমিত্ত পুরাতন উদরাময় ও অতিসার রোগে অন্যান্য উদ্ভিজ্জ ঔষধে উপকার না দর্শিলে ইহা উপকার করে। বলকারক বলিয়া কোরিয়া ও এপিলেপ্সিতে ব্যবহার হইয়াছে। মাদক দ্রব্য দ্বারা বিষাক্ত হইলে ইহা উৎকৃষ্ট বামক।

বাহ্য ব্যবহার। পচাক্ষতে ইহার দ্রব পূঁয নিঃসরণ বন্ধ করিয়া উপকার দর্শায়। অপ্থ্যালমিয়ায় উপকারক। গনোরিয়ার প্রথমাবস্থায় ইহার পিচকারী (১ গ্রেণ, ১ আউন্স জলে) দিবসে ৩।৪ ব্যবহারে সমূহ উপকার করে। কোন দ্রব্য দ্বারা বিষাক্ত হইলে ইহা বমন করণার্থ ব্যবহার হয়।

২০শ বলকারক।

সল্ফেট্ অব জিঙ্ক—(শ্বেত তুতিয়া)

Sulphate of Zinc,

মাত্রা। { ১—৩ গ্রেণ বলকারক।
১০—৩০ গ্রেণ বমনকারক।

গ্রানিউলেটেড জিঙ্ক ১৬ আং, গন্ধক দ্রাবক ১২ আং, পরিশ্রুত জল ৪ পাইণ্ট, ক্লোরিন্ সল্যুউসন্ প্রয়োজনানুরূপ, কার্ব্বনেট অব জিঙ্ক ½ আং, বা প্রয়োজন মত। ইহা হইতেই ভ্যালিরিয়ানেট অব জিঙ্ক, কার্ব্বনেট অব জিঙ্ক প্রস্তুত হয়।

(১) ভ্যালিরিয়ানেট অব জিঙ্ক—(সলফেট অব জিঙ্ক ৫॥০ আং, ভ্যালিরিয়ানেট্ অব সোডা ৫ আং, পরিশ্রুত জল প্রয়োজনানুরূপ।) শ্বেতবর্ণ উজ্জ্বল ও মুক্তার ন্যায় গোলাকার দানা।

ক্রিয়া। স্নায়বীয় বলকারক; আক্ষেপনিবারক। মৃগী, হিষ্টিরিয়া ও হেমিপ্লিজিয়া রোগে ব্যবহার হয়। মাত্রা ১—৩ গ্রেণ।

(২) কার্ব্বনেট্ অব জিঙ্ক—(সল্ফেট অব জিঙ্ক ১০ আং, কার্ব্বনেট্ অব্ সোডা ১০॥০ আং স্ফুটিত পরিশ্রুত জল প্রয়োজনানুরূপ।) শ্বেতবর্ণ, গন্ধাস্বাদহীন চূর্ণ।

ক্রিয়া। বলকারক, কিন্তু প্রায় আভ্যন্তরিক ব্যবহার হয় না। বাহ্য ব্যবহারে সঙ্কোচক ও শুষ্ককারক। দগ্ধ ক্ষতাদিতে ইহার মলম ও ইহার চূর্ণ কেহ কেহ ব্যবহার করিয়াছেন।

সল্ফেট অব্ জিঙ্কের স্বরূপ। শ্বেতবর্ণ, কোণবিশিষ্ট দানা। গন্ধহীন কষায়।

ক্রিয়া। বলকারক, আক্ষেপনিবারক, সঙ্কোচক, বমনকারক। অধিক মাত্রায় বিষক্রিয়া করে। বাহ্য ব্যবহারে সঙ্কোচক। নিয়মিত মাত্রায় কিছু অধিক ব্যবহারে বমনকারক।

ব্যবহার। আভ্যন্তরিক। সঙ্কোচক, তজ্জন্য পুরাতন অতিসার ও উদরাময় রোগে ব্যবহার হয়। হিষ্টিরিয়া ও কোরিয়ায় সময়ে সময়ে বিলক্ষণ উপকার করে। বিবিধ রোগে বমনকরণ জন্য বমনকারক মাত্রায় ব্যবহারে সমূহ উপকার পাওয়া যায়। অনেকে বলেন উদরাধ্মানে বক্ষশূলে এবং শ্বাসকাসে ইহা দ্বারা বিশেষ উপকার পাওয়া যায়। পর্য্যায় জ্বরেও কেহ কেহ ব্যবহার করেন।

বাহ্য ব্যবহার। অফ্‌থ্যালমিয়ায় ইহার ধৌত, গনোরিয়া, গ্লিট্‌ ও লুকোরিয়াতে ইহার পিচকারী, পুরাতন ক্ষতে ইহার ধৌত, হাইড্রোসিল রোগে ইহার পিচকারী উপকারী।

প্রিপেয়ার্ড ক্যালমিন্‌—খনিজ কার্ব্বনেট অব জিঙ্ক উত্তাপ প্রয়োগ দ্বারা ইহা প্রস্তুত হয়। ইহা দেখিতে পাটল মিশ্রিত ধূসর বর্ণের চূর্ণ। বিবিধ ক্ষতে ব্যবহৃত হয়।

ক্যালামিন অয়েণ্টমেণ্ট। ১ অংশ ক্যালামিন ও ৫ আং বেনজে-য়োটেডলার্ড সহ প্রস্তুত হয়।

২১শ বলকারক।

অক্‌সাইড্‌ অব্‌ জিঙ্ক—Oxide of Zinc.

মাত্রা ২—১০ গ্রেণ।

৬ আং কার্ব্বনেট অব জিঙ্ক একটী পাত্র করিয়া উত্তাপ দিবে। কার্ব্বন নির্গত হইয়া যায় ও অক্‌সাইড প্রস্তুত হয়।

প্রঃ রূঃ। অইণ্টমেণ্ট অব জিঙ্ক। (অক্‌সাইড অব জিঙ্ক ৮০ গ্রেণ, বেনজোয়েটেড লার্ড ১ আং।)

স্বঃ। প্রায় শ্বেতবর্ণ, গন্ধাস্বাদহীন চূর্ণ। উত্তাপে মলিন পীতবর্ণ হয়।

ক্রিয়া। বলকারক ও আক্ষেপনিবারক। বাহ্য ব্যবহারে অতি উৎকৃষ্ট শুষ্ককারক, সংকোচক। অধিক মাত্রায় প্রবল বিষক্রিয়া করে এবং ভেদ ও বমন উপস্থিত করে।

ব্যবহার। ডাক্তার হার্পিন এপিলেপসি রোগে ইহার ব্যবহার অত্যন্ত উপকারী বলিয়া অনুমোদন করেন। কোরিয়াতেও ব্যবহার হয়। শ্বাসকাস, হুপিংকফ রোগে অনেকে ব্যবস্থা করেন। পর্য্যায় জ্বরে এবং পুরাতন মদাতঙ্ক রোগে অনেকে প্রশংসা করেন।

বাহ্য ব্যবহার। সংকোচকরূপে চুচুক বিদারণ, ইণ্টার ট্রাইগো, সামান্য ক্ষত ও অফ্থ্যালমিয়া টার্সাই ইত্যাদি রোগে ব্যবহার হয়।

(২) ওলিয়েটম্ জিন্সাই—(অক্সাইড অব জিঙ্ক ১ আং, ওলেয়িক এসিড ৯ আং, মিশ্রিত করিয়া ২ ঘণ্টা বাদে জলস্বেদ যন্ত্রে দ্রবীভূত করিবে।)

(ক) অঙ্গুয়েণ্টম্ জিন্সাই ওলিয়েটাই। (ওলিয়েট অব জিঙ্ক ১ আং, কোমল প্যারাফিন্ ১ আং। উত্তাপে মিশ্রিত করিয়া লইবে।)

২২শ বলকারক।

এসিটেট অব্ জিঙ্ক—Acetate of Zinc.

মাত্রা। } ১—২ গ্রেণ বলকারক।
১০—২০ গ্রেণ বমনকারক।

কার্ব্বনেট অব জিঙ্ক ২ আং, এসিটিক্ এসিড ৫ আং, বা প্রয়োজনানুরূপ, পরিশ্রুত জল ৬ আং।

স্বঃ। পাতলা বর্ণহীন উজ্জ্বল দানাযুক্ত গন্ধহীন। বিকট আস্বাদযুক্ত।

ক্রিয়া। বলকারক, আক্ষেপনিবারক, সঙ্কোচক। অধিক মাত্রায় প্রয়োগ হইলে বমনকারক।

ব্যবহার। আভ্যন্তরিক ব্যবহার হয়না। ডাক্তার নেলীগ্যান বলেন ইহা উৎকৃষ্ট স্থানিক সঙ্কোচক; বিবিধ চর্ম্মরোগে বিশেষ উপযোগী। একজিমা, লিউপস, ইম্পিটাইগো রোগে ব্যবহার হয়। পুরাতন প্রমেহ ও শ্বেত প্রদর রোগে ইহার পিচকারী উপযোগী। পেন্‌সিল রূপে লিউপাইড ক্ষতে দিবসে ১। ২ বার ব্যবহার উপকারি। জলে দ্রব করিয়া অফ্‌থ্যাল্‌মিয়ায় ও পুরাতন ক্ষতে বিশেষ ফলদায়ক।

২৩শ বলকারক।

ক্লোরাইড্‌ অব্‌ জিঙ্ক—Chloride of Zinc.

গ্র্যানিউলেটেড্‌ জিঙ্ক ১৬ আং, হাইড্রোক্লোরিক এসিড ৪৪ আং, ক্লোরিন্‌ সল্যুসন্‌ প্রয়োজনানুরূপ, কার্ব্বনেট্‌ অব্‌ জিঙ্ক ।।০ আং বা আবশ্যকমত, পরিশ্রুত জল ১ পাইণ্ট।

লাইকর ক্লোরাইড অব্‌ জিঙ্কের ১ আউন্সে ৩৬৬ গ্রেণ আছে।

স্বঃ। বর্ণহীন, অস্বচ্ছ, খণ্ড বা বাতি।

ক্রিয়া। আভ্যন্তরিক ব্যবহার হয়না। বাহ্য ব্যবহারে দাহক, বিবিধ ক্ষতে ব্যবহার হয়। পচননিবারক ও দুর্গন্ধহারক। প্রমেহ রোগে ইহার পিচকারী (১ গ্রেণ, ১ আং জলে) এবং ঐ লোসন্‌ প্রমেহ ঘটিত চক্ষুপ্রদাহে, পচাক্ষতে ইহার ধৌত, অনেকে ব্যবহার করেন। দন্তক্ষতে দন্তগহ্বরে ইহা দিতে অনেকে উপদেশ দেন।

২৪শ বলকারক।

বিস্‌মথ্‌—Bismuth.

এই ধাতু প্রথমতঃ গন্ধক বা লৌহ ইত্যাদি সহযোগে পাওয়া যায়। এই ধাতুকে নাইট্রিক্‌ এসিড এবং উত্তাপ দ্বারা দ্রব অবস্থায় আনা যায়।

ইহা হইতে কার্ব্বনেট অব্ বিস্মথ, অব নাইট্রেট অব বিসমথ ট্রচিসাই বিস্মথ ও লাইকর বিসমথ্ এট্ এমোনিয়া সাইট্রাটিস ও অক্সাইড অব্ বিসমথ্ প্রস্তুত হয়।

২। **কার্ব্বনেট অব্ বিস মথ**—(পরিষ্কৃত বিসমথ ২ আং, নাইট্রিক্ এসিড্ ৪ আং, কার্ব্বনেট অব্ এমোনিয়া ৬ আং, পরিশ্রুত জল প্রয়োজনানুরূপ। মাত্রা ৫—২০ গ্রেণ।)

স্বঃ। শ্বেতবর্ণ চূর্ণ, সল্ফিউরেটেড হাইড্রোজিন্ সহযোগে মলিন হয়, জলে দ্রব হয় না।

ক্রিয়া। বলকারক, সঙ্কোচক।

ব্যবহার। উদরাময় রোগে ব্যবস্থা করা যায়, সব নাইট্রেট অব বিসমথই প্রায় ব্যবহার হয়। বালকদিগের দন্ত উঠিবার কালে বমন ও উদরাময় নিবারণার্থ ব্যবহার হয়।

২। **সব নাইটেট্ অব বিসমথ**।—বিসমথ ধাতু ২ আং, নাইট্রিক্ এসিড্ ৪ আং, পরিশ্রুত জল প্রয়োজনানুরূপ। মাত্রা ৫—২০ গ্রেণ।

স্বঃ। ভারি, শ্বেতবর্ণ চূর্ণ, সল্ফিউরেটেড্ হাইড্রোজেন্ সহ মলিন বর্ণ হয়।

ক্রিয়া। বলকারক, স্নায়বীয় আক্ষেপনিবারক, পরিবর্ত্তক, সঙ্কোচক।

ব্যবহার। বিবিধ উদরাময়, অতিসার ও অজীর্ণ রোগে ইহা সমূহ উপকার করে। অনেক সময়ে পাকাশয়ের দৌর্ব্বল্য বশতঃ বমন হইলে ইহা নিবারণ করে।

প্রঃ। (ক) ট্রচিসাই বিস্মথ। (নাইট্রেট অব বিস্মথ ১৪৪, গ্রেণ, কার্ব্বনেট্ অব্ ম্যাগনিসিয়া ৪ আং, প্রিসিপিটেটেড কার্ব্বনেট্ অব লাইম্ ৬ আং, পরিষ্কৃত শর্করা ২৯ আং, গম্ একেসিয়া চূর্ণ ১ আং, মিউসিলেজ্ অব্ গম্ একেসিয়া ২ আং, গোলাব-জল প্রয়োজনানুরূপ। ৭২০ ভাগ করিবে। মাত্রা ১—৬ চাক্তি।)

(খ) সাইট্রেট্ অব্ বিস্মথ্। (সবনাইট্রেট্ অব্ বিস্মথ ৫॥০ আং যবক্ষার দ্রাবক ১১ আং, সাইট্রিক্ এসিড ৪ আং, বাইকার্ব্বনেট অব সোডিয়ম্ ৮ আং, পরিস্রুত জল প্রয়োজন মত। শ্বেত বর্ণ চূর্ণ প্রস্তুত হইবে। মাত্রা ২—৫ গ্রেণ।)

(গ) সাইট্রেট্ অব্ বিস্মথ এণ্ড এমোনিয়ম্। (সাইট্রেট অব বিস-মথ এমোনিয়া দ্রব হইতে প্রস্তুত হয়। মাত্রা ২—৫ গ্রেণ।)

৩। লাইকর বিস্মথ্ এট এমোনিয়া সাইট্রাস্। (সাইট্রেট অব্ (বিস্মথ ৮০০ গ্রেণ, এমোনিয়া ও পরিস্রুত জল প্রত্যেক আবশ্যক মত। মাত্রা ॥—১ ড্রাম।)

৪। অক্সাইড অব্ বিস্মথ। (সব্ নাইট্রেট অব্ বিস্মথ ১ পৌণ্ড, সল্যুসন্ অব সোডা ৪ পাইণ্ট। মাত্রা ৫—১৫ গ্রেণ।)

২৫শ বলকারক।

আয়রণ্—লৌহ—Iron.

বিবধ রূঢ় ও যৌগিক পদার্থ সহযোগে লৌহ হইতে নিম্নলিখিত ঔষধগুলি প্রস্তুত হয়। যথা;—

১। আর্সিনিয়েট্ অব্ আয়রণ। (সলফেট অব আয়রণ ৯ আং, আর্সিনিয়েট্ অব্ সোডা ৩০০ ডিগ্রিতে শুষ্ক ৪ আং, এসিটেট্ অব্ সোডা ৩ আং, স্ফুটিত পরিস্রুত জল আবশ্যক মত। মাত্রা $\frac{১}{১৬}$—৷০ গ্রেণ।)

স্বঃ। আস্বাদহীন, সবুজবর্ণ চূর্ণ, জলে দ্রব হয় না।

ক্রিয়া। বলকারক, রক্তজনক, পরিবর্ত্তক; বাহ্য ব্যবহারে দাহক।

ব্যবহার। হার্পিজ্, একজিমা, সোরায়সিস্, গোদ, কুষ্ঠ ইত্যাদি বিবিধ চর্ম্মরোগে ব্যবহার হয়।

২। স্যাকারেটেড কার্ব্বনেট অব্ আয়রণ—(সলফেট অব্ আয়রণ ২ আং, কার্ব্বনেট অব্ এমোনিয়া ১।০ আং, স্ফুটিত পরিশ্রুত জল ২ গ্যালন, পরিষ্কৃত শর্করা ১ আং। মাত্রা ৫—৩০ গ্রেণ।)

ক্রিয়া। বলকারক, রক্তজনক।

(ক) পিল্ অব্ কার্ব্বনেট্ অব্ আয়রণ। (স্যাকারেটেড্ কার্ব্বনেট্ অব্ আয়রণ্ ১ আং, কন্‌ফেক্‌সন্ অব রোজ্ ।০ আং। মাত্রা ৫—২০ গ্রেণ।)

(খ) কম্পাউণ্ড্ মিক্‌শ্চার অব্ আয়রণ্। (হিরাকস ২৫ গ্রেণ, কার্ব্বনেট অব্ পটাশিয়ম্ ৩০ গ্রেণ, গন্ধবোল চূর্ণ ৬০ গ্রেণ, শর্করা ৬০ গ্রেণ, জায়ফলের স্পিরিট ৪ ড্রাম্, গোলাব জল ৯৷৷০ আং। মাত্রা ১—২ আং।)

৩। সাইট্রেট অব এমোনিয়া এণ্ড আয়রণ (সলুউসন্ অব্ পারসল্‌ফেট্ অব্ আয়রণ ১০ আং, এমোনিয়া সলুউসন্ ২৩ আং, সাইট্রিক্ এসিড্ ৪ আং, পরিশ্রুত জল আবশ্যকমত। মাত্রা ৫—১০ গ্রেণ।)

স্বঃ। পাতলা, স্বচ্ছ, গাঢ় লোহিতবর্ণ, অল্প মিষ্ট এবং কষায় আস্বাদ।

ক্রিয়া। বলকারক, রক্তজনক।

ব্যবহার। ক্রিয়া মাধুর্য্যবশতঃ দুর্ব্বল ব্যক্তিদিগের ও শিশুদিগের পাকযন্ত্রের প্রদাহে ও নীরক্তাবস্থায় ব্যবহার হয়।

(ক) ভাইনম্ ফেরিসাইট্রাটিন্। (সাইট্রেট্ অব্ আয়রণ এণ্ড এমোনিয়া ১৬০ গ্রেণ, অরেঞ্জ ওয়াইন্ ১ পাইণ্ট। ১—৪ ড্রাম্।)

৪। সাইট্রেট অব আয়রণ এণ্ড কুইনিয়া।—(সল্যুউসন্ অব্ পার্‌সল্‌ফেট্ অব্ আয়রণ্ ৪৷৷০ আং, সল্‌ফেট্ অব্ কুইনিয়া ১ আং ৩০ গ্রেণ, ডাইলিউট্ সল্‌ফিউরিক এসিড্ ১২ ড্রাম্, সাই-

ট্রিক্ এসিড্ ৩ আং, সল্যুউসন্ অব্ এমোনিয়া ও পরিশ্রুত জল প্রত্যেক প্রয়োজনানুরূপ। মাত্রা ৫—১০ গ্রেণ।)

স্বঃ। পাতলা, সবুজবর্ণের আভাযুক্ত পীতবর্ণ।

ক্রিয়া। বলকারক, রক্তজনক, পর্য্যায়নিবারক।

৫। হাইড্রেটেড পারক্সাইড অব আয়রণ।—(ফেরি পারক্সাইডম্ হিউমিডম্ ১ পাউণ্ড লইয়া অগ্নির ২১২ ডিগ্রির উত্তাপে শুষ্ক করিলে ইহা প্রস্তুত হয়। মাত্রা ৫—৩০ গ্রেণ।)

স্বঃ। লোহিত আভাযুক্ত পাটলবর্ণ চূর্ণ, আস্বাদহীন।

ক্রিয়া। বলকারক, কৃমিনাশক, রজোনিঃসারক। বিবিধ আক্ষেপজনক রোগ যথা—হিষ্টিরিয়া, কোরিয়া, বালকদিগের দড়কা রোগে ব্যবহার হয়। মধুমেহ, বাত, পক্ষাঘাত, স্নায়বীয় দৌর্ব্বল্য রোগে ব্যবহার হইয়া থাকে।

(ক) ক্যালিবিয়েট প্ল্যাষ্টার্। (হাইড্রেটেড পারক্সাইড অব্ আয়রণ চূর্ণ ১ আং, বরগণ্ডী পিচ ২ আং, লেড্ প্ল্যাষ্টার ৮ আং,।)

ক্রিয়া। বলকারক। কোন স্থান বলহীন হইলে ইহা লাগাইলে বল হয়।

৬। ফস্ফেট্ অব্ আয়রণ্। (সলফেট অব আয়রণ ৩ আং, ফস্ফেট অব সোডা ২॥০ আং, এসিটেট অব সোডা ১ আং, স্ফুটিত পরিশ্রুত জল ৪ পাইণ্ট। মাত্রা ৫—১০ গ্রেণ।)

স্বঃ। শ্লেটের ন্যায় নীলবর্ণ, বিশেষ আকার বিহীন চূর্ণ, হাইড্রোক্লোরিক্ এসিডে দ্রবণীয়।

ক্রিয়া। বলকারক, রক্তকারক ও পরিবর্ত্তক। বালকদিগের স্ক্রফিউলা জনিত পীড়াতে এবং আমেরিকাতে এমিনোরিয়াতে ব্যবহার হয়।

কামোদ্দীপক বলিয়া ধ্বজভঙ্গ রোগে ব্যবহার হয়। রিকেট নামক অস্থিরোগে এবং মধুমেহ রোগে ব্যবহার হয়।

(ক) সিরপ ফেরি ফস্ফেট। (গ্রানিউলেটেড সলফেট অব আয়রণ ২২৪ গ্রেণ, ফস্ফেট অব সোডা ২০০ গ্রেণ, বাই কার্ব্বনেট্ অব্ সোডা ৫৬ গ্রেণ, গাঢ় ফস্ফরিক্ এসিড ১।০ আং, পরিষ্কৃত চিনি ৮ আং, পরিশ্রুত জল ৮ আং। মাত্রা ১ ড্রাম্।)

১ গ্রেণ ফস্ফেট্ অব্ আয়রণ ১ ড্রামে আছে।

ক্রিয়া। বলকারক, পরিবর্ত্তক ও রক্তজনক।

৭। সল্ফেট অব্ আয়রণ্।—(সূক্ষ্ম লৌহতার ৪ আং, সলফিউরিক্ এসিড ৪ আং, পরিশ্রুত জল ১॥০ পাইণ্ট। মাত্রা ১—৫ গ্রেণ।)

স্বঃ। পাঁশবর্ণ সবুজের আভাযুক্ত নীলবর্ণ, কষায় আস্বাদ। শোধি ৎ সুরায় অদ্রবণীয়।

ক্রিয়া। সমস্ত সলফেটই সঙ্কোচক। বলকারক, রক্তকারক, পর্য্যায় নিবারক, কৃমিনাশক এবং রজোনিঃসারক।

ব্যবহার। ২ ড্রাম্ বা তদধিক মাত্রায় গ্রহণে (যদ্যপি বমন হইয়া না উঠিয়া পড়ে) ইহা উত্তেজক বিষ। ইহার প্রধান ক্রিয়া সঙ্কোচক ও বলকারক। সঙ্কোচক, তজ্জন্য অপ্রাদাহিক রক্তস্রাব, পুরাতন অতিসার রোগে এবং ক্ষুদ্র ক্ষুদ্র রক্তবহা নাড়ী হইতে রক্তস্রাব নিবারণার্থ এবং ইহার দ্রব বা বিবিধ মলম ক্ষতে, পুরাতন চক্ষুরোগে, লুকোরিয়া ও শ্বেতপ্রদর রোগে অত্যন্ত উপকারী। ইউরোপে ইরিসিপেলাস রোগে ইহা অত্যন্ত ব্যবহার হয়। ভেল্প সাহেবেই ইহা প্রথমে এই রোগে ইহা ব্যবহার করেন। দ্রব ও মলম উভয় প্রকারেই ব্যবহার্য্য। শরীরের নিরক্তাবস্থায় বিশেষ উপযোগী; প্লীহা বিবর্দ্ধনে কুইনাইন সহ অতি উৎকৃষ্ট ফল দর্শে অথবা অমোঘ ঔষধ বলিলেও চলে।

(ক) ফেরি সল্ফাস্ এক্সিকেটা। (৪ আং সল্ফেট অব্ আয়রণ ২১২ ডিগ্রি হইতে ৪০০ ডিগ্রির উত্তাপে শুষ্ক করিবে। মাত্রা ॥০—৩ গ্রেণ।)

(খ) এলোজ্ এণ্ড আয়রণ পিল। (এলোজের [মুসব্বর] প্রয়োগরূপ দেখ।

(গ) আয়রণ পিল্ (হিরাকস ৬০ গ্রেণ, কার্ব্বনেট অব পটাশিয়ম্ ৩৬ গ্রেণ শোধিত শর্করা ১২ গ্রেণ, ট্রাগাকান্থ চূর্ণ ৪ গ্রেণ। গ্লিসরীন্ ২॥০ মিনিম্, পরিশ্রুত জল প্রয়োজনমত। ৫ গ্রেণ ওজনে বটিকা করিবে। মাত্রা ১—৪ বটিকা।

৮। ফেরি টার্টারেট্—(সল্যুউসন্ অব্ পার্‌সল্‌ফেট অব আয়রণ ৬ আং, এমোনিয়া সল্যুউসন্ ১১ আং, এসিড টার্টারেড অব পটাশ চূর্ণ ২ আং, পরিশ্রুত জল আবশ্যকমত। মাত্রা ৫—১০ গ্রেণ। কৃমিনাশার্থ ৩০—৬০ গ্রেণ।)

স্বঃ। পাতলা, স্বচ্ছ, শল্কাকার, লোহিত বর্ণ, অল্প মিষ্ট এবং কষায় আস্বাদযুক্ত।

ক্রিয়া। অল্প সঙ্কোচক, বলকারক, রক্তজনক, মূত্রকারক, কৃমিনাশক।

ব্যবহার। উপদংশীয় ক্ষতে, স্ত্রীলোকের ও বালকের উদরে কৃমি জন্মিলে, শরীর রক্তহীন হইলে এবং শোথরোগে ইহা ব্যবহার হয়।

৯। লাইকর্ ফেরি পারক্লোরাইড ফরসিয়র।—(লৌহতার ২ আং, হাইড্রোক্লোরিক এসিড্ ১২ আং, নাইট্রিক্ এসিড্ ৯ আং, পরিশ্রুত জল ৮ আং।)

স্বঃ। হরিদ্রা ও পাটলবর্ণ বিশিষ্ট দ্রব, প্রবল কষায়, ও অম্লাস্বাদযুক্ত।

ক্রিয়া। সঙ্কোচক, বলকারক, রক্তরোধক, রক্তজনক, দাহক।

ব্যবহার। বিবিধ রক্তস্রাব নিবারণার্থই প্রায় ব্যবহার হয়।

(ক) লাইকর ফেরি পারক্লোরাইডি। (লাইকর ফেরি পারক্লোরাইডি ফরসিয়র ৫ আং, পরিশ্রুত জল ১৫ আং। মাত্রা ১০—৩০ মিনিম্।)

(খ) টিংচর ফেরি পারক্লোরাইডি। (লাইকর ফেরি পারক্লোরাইডি ৫ আং, পরিশ্রুত জল ১০ আং শোধিত সুরা ৫ আং। মাত্রা ১০—৩০ মিনিম্।)

ক্রিয়া। বলকারক, রক্তজনক, মূত্রকারক, রক্তরোধক, রজোনিঃসারক সঙ্কোচক ও দাহক।

ব্যবহার। ইরিসিপেলাস্ রোগে অব্যর্থ ঔষধ। মূত্রযন্ত্রের বিবিধ রোগে, মধুমেহতে, মূত্রাশয় হইতে রক্তস্রাব নিবারণ জন্য ও আণ্ডলালিক প্রস্রাবে বিশেষ উপকার করে। নাসিকা হইতে রক্তস্রাব নিবারণ জন্য রক্তহীনাবস্থায়, ক্লোরসিস্ রোগে উপকার করে। প্লীহা বিবর্দ্ধন রোগে কুইনাইনের সহিত অতি সুন্দর ক্রিয়া দর্শায়।

১০। লাইকর্ ফেরি পারনাইট্রাটিস—(নির্ম্মল লৌহ-তার ১ আং, নাইট্রিক্ এসিড ৪॥০ আং, পরিশ্রুত জল আবশ্যকমত। মাত্রা ১০—৪০ মিনিম্।)

স্বঃ। পরিষ্কার, তরল পদার্থ, লোহিত-পাটলবর্ণ, অল্প অম্ল ও কষায় আস্বাদযুক্ত।

ক্রিয়া। বলকারক, রক্তজনক, রক্তরোধক ও সংকোচক।

ব্যবহার। বিবিধ রক্তস্রাব, যথা—রক্তবমন, রক্তভেদ, রক্তোৎকাস, রক্তপ্রস্রাব ইত্যাদি রোগে বিশেষ উপকার দর্শায়। নীরক্তাবস্থায় এবং উদরাময় রোগে ব্যবহার হয়।

১১। লাইকর ফেরি পার্সলফ্যাটিস্—(সল্ফেট অব আয়রণ ৮ আং, সল্ফিউরিক্ ও নাইট্রিক্ এসিড্ প্রত্যেক ৬ ড্রাম্ পরিশ্রুত জল ১২ আং বা আবশ্যকমত।)

স্বঃ। গাঢ় লোহিতবর্ণ তরল পদার্থ, গন্ধহীন এবং অত্যন্ত কষায় আস্বাদ।

ক্রিয়া। সঙ্কোচক ও রক্তরোধক।

১২। লাইকর ফেরি ডায়ালিসেটস্। (পার্‌ক্লোরাইড্ অব্ আয়রণের উগ্র দ্রব ৭ আং, এমোনিয়া দ্রব ও পরিশ্রুত জল প্রত্যেক প্রয়োজন মত। ২৮ আং পূর্ণ করিবে। মাত্রা ১০—৩০ মিনিম্।)

১৩। লাইকর ফেরি এসিটেটিস্ ফর্সিয়র। (পারসল্‌ফেট্ অব্ আয়রণ দ্রব ৫ আং এমোনিয়া দ্রব আবশ্যকমত, গ্লেসিয়াল্ এসেটিক্ এসিড্ ৩ আং, পরিশ্রুত জল প্রয়োজনমত। মাত্রা ১—৮ মিনিম্।)

(ক) লাইকর ফেরি এসিট্যাটিস্ (এসিটেট্ অব্ আয়রণ উগ্রদ্রব ৫ আং, পরিশ্রুত জল ১৫ আং,। মাত্রা ৫—৩০ মিনিম্।)

(খ) টীংচারা ফেরি এসিটেটিস্ (এসিটেট আয়রণের উগ্র দ্রব ৫ আং, এসিটিক এসিড ১ আং, শোধিত সুরা ৫ আং, পরিশ্রুত জল ৯ আং। মাত্রা ৫—৩০ মিনিম।)

১৪। ফেরম রিড্যাকটম্। পারক্সাইড্ অব্ আয়রণ হাইড্রোজেন্ সহযোগে চূর্ণ করিলে ইহা প্রস্তুত হয়। মাত্রা ২—৫ গ্রেণ। বটিকাকারে ব্যবস্থা করিবে।

স্বঃ। সূক্ষ্ম পাঁশবর্ণ চূর্ণ।

ক্রিয়া। বলকারক, রজোনিঃসারক, রক্তজনক। সঙ্কোচক নহে। নীরক্তাবস্থায় ও কোরিয়া রোগে ও প্লীহা রোগে ব্যবহার হয়।

(ক) টচিসাই ফেরি রিড্যাক্টাই। (রিডিউষ্ট আয়রণ ৭২০ গ্রেণ, পরিষ্কৃত চিনি ২৫ আং, গম্ একেসিয়া চূর্ণ ১ আং, মিউসিলেজ্ অব্ গম্ একেসিয়া ২ আং, পরিশ্রুত জল ১ আং বা আবশ্যকমত। ৭২০টী ভাগ করিবে। মাত্রা ১—৬টী।)

(খ) ভাইনম্ ফেরি। (সূক্ষ্ম লৌহতার ১ আং, সেরি আসব ১ পাইন্ট্। মাত্রা ১—৪ ড্রাম্।)

(গ) মিশ্চুরা ফেরি এরোম্যাটিকা। (লোহিত সিঙ্কোনা বঙ্কল চূর্ণ ১ আং, কলম্বা কুট্টিত ।।॰ আং, লবঙ্গ কুট্টিত ।॰ আং, সূক্ষ্ম লৌহতার ।।॰ আং. কম্পাউণ্ড টিংচর অব্ কার্ডেমম্ ৩ আং, টিংচর অরেঞ্জ পিল ।।॰ আং, পিপারমেণ্ট ওয়াটর প্রয়োজনানুরূপ। মাত্রা ১—২ আং।)

২৬শ বলকারক।

কড্ লিভর্ অইল্—Codliver Oil.

মাত্রা ১—৮ ড্রাম্।

গ্যাডস্ মর্হুয়া নামক মৎস্যের যকৃৎকে ১৮॰ ডিগ্রি উত্তাপে সিদ্ধ করিলে এই তৈল পাওয়া যায়।

স্বঃ। পাণ্ডুবর্ণ ও মৎস্যগন্ধযুক্ত।

ক্রিয়া। বলকারক পরিবর্ত্তক, পোষক, সংস্কারক। সেবনে ক্ষুধা বৃদ্ধি ও কোষ্ঠ পরিষ্কার হয়।

ব্যবহার। আধুনিক সময়ের মধ্যে প্রফেসর বেনেটই প্রথমে কড্-লিভর অইলের উপকারিতা জনসমাজে প্রকাশ করেন।

থাইসিস্ (যক্ষ্মা) রোগের মহৌষধ। পুরাতন বাতরোগে ইহার স্থানিক মর্দ্দন ও আভ্যন্তরিক ব্যবহার অতীব উপকারী। স্ক্রুফিউলা, কেরিজ্ নামক অস্থিরোগ, আর্থ্রাইটিস্, ষ্ট্রুমস্ অফ্থ্যালমিয়া, বিবিধ প্রকার নিউর‍্যাল্জিয়া, ডায়াবিটিস্ (মধুমেহ), টেবিজ মেসেণ্টেরিকা, একাইটিস্, হুপিংকফের শেষাবস্থায়, রেকাইটিস্ প্রভৃতি রোগেও উপকারী বলিয়া ব্যবহার হয়। আভ্যন্তরিক প্রধান যন্ত্র যথা—হৃৎপিণ্ড, ফুস্ফুস, মূত্রগ্রন্থি, প্লিহাদির পুরাতন পীড়ায় ইহার ব্যবহার বিশেষ উপযোগী।

কড্‌লিভর অইলের উপকারিতা অন্ততঃ এক বৎসরের ন্যূন ব্যবহারে জানা যায় না।

২৭শ বলকারক।

পেপসিন্—Pepsin.

মাত্রা ২—৫ গ্রেণ।

মেষ বা গো-বৎসের পাকাশয় হইতে প্রস্তুত হয়।

স্বঃ। ধূসরবর্ণ চূর্ণ, বিশেষ গন্ধযুক্ত।

ক্রিয়া। পাচক, বলকারক, পচননিবারক।

ব্যবহার। অজীর্ণতা, উদরাধ্মান, অম্ল, বমন, উদরাময়, ইত্যাদি রোগে এবং থাইসিস্, ক্যান্সার ও অন্যান্য দুর্ব্বলকারী রোগে ও পাকাশয় প্রদাহ, াকাশয়ক্ষত ইত্যাদিতে উপকারের সহিত ব্যবহার। এনিমিয়া, অক্ষুধা, গর্ভাবস্থার বমনে এবং বালকের উদরাময় রোগে সমূহ উপকার করে।

২৮শ বলকারক।

কোকা—Coca.

পত্র চূর্ণের মাত্রা ॥০—২ ড্রাম্।

এরিথ্রক্সিলেসি জাতীয় এরিথ্রক্সিলন্ বৃক্ষের শুষ্ক পত্র।

প্রঃ রূঃ। (১) লিকুইড্ একট্রাক্ট্ অব্ কোকা। (কোকা পত্র চূর্ণ ২০ আং, পরীক্ষিত সুরা আবশ্যক মত। পার্কোলেসন্ যন্ত্রে ঢালিয়া পরে যথাবিধি প্রক্রিয়ায় প্রস্তুত করিবে। মাত্রা ॥০—২ ড্রাম্।)

(২) হাইড্রোক্লোরেট্ অব কোকেইন্। (অম্লাক্ত সুরা বীর্য্যযুক্ত সারের জলীয় দ্রব হইতে উপযুক্ত প্রক্রিয়ায় ইহা প্রস্তুত হয়। মাত্রা —১ গ্রেণ।)

স্বঃ। কোকা বৃক্ষ দেখিতে ছোট। ইহার পত্র গুলি দেখিতে অণ্ডাকার, এক, দেড়, বা দুই ইঞ্চ পরিমাণে দীর্ঘ, স্থুল ও অনতিস্থূল উভয় প্রকারই হয়, মসৃণ, অখণ্ড। পত্রোপরিস্থ শিরাগুলি অপেক্ষাকৃত উচ্চ এবং সকলগুলিই পত্রের মূলদেশ হইতে ক্রমান্বয়ে বক্রাকারে বিস্তৃত হইয়া পত্রের অগ্রভাগে শেষ হইয়াছে। পত্রের উপরের অংশ নিম্নাংশ অপেক্ষা অধিকতর হরিৎবর্ণবিশিষ্ট।

ক্রিয়া। কোকার ক্রিয়া ইহাতে কোকেইন্ ও হাইগ্রিণ নামক যে দুইটী প্রধান উপক্ষার আছে, তাহারই উপর নির্ভর করে। ইহা উত্তেজক, শ্রমহারক ও বলকারক, সেবনে শ্রমপটুতা জন্মে, কিন্তু ক্ষুধামান্দ্য হয়। চার ক্রিয়ার সহিত ইহার অনেক সৌসাদৃশ্য আছে। ইহা সেবনে মূত্রস্থ ইউরিয়ার পরিমাণ হ্রাস হয়।

ব্যবহার। রোগান্তে দৌর্ব্বল্যে বল বিধান ও উত্তেজন জন্য এবং মূত্রের সহিত অধিক পরিমাণে ইউরিয়া নিঃসরণ বশতঃ দৌর্ব্বল্য নিবারণ জন্য ইহা বিশেষ উপযোগী। অহিফেন ও সুরাদির অভ্যস্ত সেবকদিগকে এই অভ্যাস হইতে নিরস্ত করণাভিপ্রায়ে ইহা ব্যবস্থা করা যায়। এতদুদ্দেশ্যে ইহার পত্র চর্ব্বণ বা ইহা হইতে প্রস্তুত তরল সার সেবন করা কর্ত্তব্য। স্নায়ু, পেশী প্রভৃতির বলবিধান করে ও বৈধানিক উপাদানের ক্ষয় নিবারণ করে। ইহা সেবনে ক্ষুধা, পিপাসা মন্দীভূত হয়, শ্রান্তিদূর ও ঘর্ম্ম নিঃসৃত হয় এবং পরিপাক ও শ্বাস প্রশ্বাস যন্ত্রের বিবিধ রোগের শান্তি হয়। একারণ ব্রন্‌কাইটিস্, দুর্নিবার কাসি, এজমা, থাইসিস্ প্রভৃতি ফুসফুসের রোগে ও অজীর্ণ, পাকাশয় শূল, বমনোদ্বেগ, ও বিবিধ কারণোদ্ভূত বমন রোগে ইহা ব্যবহৃত হইয়াছে। পত্র চর্ব্বণ,

ইহার ধূম গ্রহণ ও তরল সার সেবন ইত্যাদি বিবিধ আকারে ইহা প্রয়োগ করা যায়।

কোকেইন্‌—Cocaine.

মাত্রা ১/১৬—১ গ্রেণ।

হাইড্রোক্লোরেট অব কোকেইন। মাত্রা ১/৬—১ গ্রেণ।

প্রঃ রূঃ। (১) ল্যামিলি কোকেইনি বা ডিস্কস্‌ অব্‌ কোকেইন্‌। ১/২০ গ্রেণ ওজনে অল্প গ্লিসরীন্‌ মিশ্রিত জেলেটীন্‌যুক্ত অতি ক্ষুদ্র এক একটী চাক্তি। প্রত্যেক চাক্তিতে ১/২০০ গ্রেণ মাত্রায় হাইড্রোক্লোরেট অব কোকেইন্‌ আছে।)

(২) লাইকর কোকেইনী হাইড্রোক্লোরেটিস্‌ অর্থাৎ সল্যুসন্‌ অব্‌ হাইড্রোক্লোরেট অব কোকেইন্‌ (হাইড্রোক্লোরেট অব কোকেইন ৩৩ গ্রেণ, পরিশ্রুত জল ৬ ড্রাম্‌। মাত্রা ২—১০ মিনিম্‌।)

স্বঃ। বর্ণহীন দানাদার, সূচ্যাকার। জল, সুরা বীর্য্য বা ইথরে দ্রবণীয়।

ক্রিয়া। স্থানিক স্পর্শহারক। ইহার স্পর্শহারক ক্ষমতা এরূপ প্রবল যে জিহ্বায় প্রয়োগ করিয়া তথায় ছুরিকা বিদ্ধ করিলেও যাতনা উপস্থিত হয় না। চক্ষুতে প্রয়োগে তথাকার স্পর্শানুভব-শক্তির লোপ, নাসামধ্যে প্রয়োগে আঘ্রাণশক্তির লোপ, ও চক্ষুর পশ্চাতে পিচকারী দ্বারা প্রয়োগে অক্ষিগোলক বহির্গত হয়। অল্প মাত্রায় সেবনে উত্তেজক, ক্লান্তি হারক, রক্তের গতি বৃদ্ধি কারক; অধিক মাত্রায় সেবনে অবসাদক, ক্লান্তিহারক ও নাড়ীর স্পন্দন হ্রাসকারক। অল্প মাত্রায় সেবনে শ্রমপটুতা জন্মে, অধিক মাত্রায় সেবনে ক্লান্তি, শিরঃপীড়া শিরোঘূর্ণন ও প্রলাপাদি উপস্থিত হয়।

ব্যবহার। বিবিধ রোগের স্থানিক যন্ত্রণা হরণ জন্য ইহা বিশেষ উপযোগীতার সহিত ব্যবহৃত হয়। চক্ষু রোগে, কণ্ঠরোগে, ইরিসিপেলাস্ রোগে, দগ্ধ স্থানে, মক্ষিকাদির দষ্ট ক্ষতে ও একজিমা রোগে ইহার দ্রব (শতকরা ৪ অংশ) তুলিদ্বারা স্থানিক প্রয়োগে ঐ ঐ রোগের যাতনা লাঘব হয়। স্ফোটক বা বিউবো অস্ত্র করিবার অথবা অর্ব্বুদাদি অস্ত্র করিবার পূর্ব্বে পীড়িত স্থানের নিকটে দুই কিম্বা তিনবার অধঃত্বাচ প্রয়োগ করিলে রোগী অস্ত্র কার্য্যের যাতনা প্রায় অনুভব করিতে পারিবে না। দন্তশূলে ইহা প্রয়োগে উপকার দর্শে। প্রসবকালে জরায়ুর মুখের বেদনা বা পেরিনিয়ম্ ছিন্ন রোগে ইহা ব্যবহারে অভিলষিত ফল পাওয়া যাইতে পারে।

এতদ্ব্যতীত আক্ষেপিক শ্বাসকাস, কণ্ঠনলী প্রদাহ, তালু গ্রন্থিচ্ছেদন, অর্শ, যোনিকণ্ডুয়ন প্রভৃতি রোগে স্থানিক ও গর্ভাবস্থার বমনাদি রোগে ইহার আভ্যন্তরিক ব্যবহার হইয়াছে।

২৯শ বলকারক।

হাইড্রাস্টিস রিজোমা—Hydrastis Rhizoma.

মাত্রা ১০—৩০ গ্রেণ।

হাইড্রাস্টিস্ কেনাডেন্সিস্ নামক বৃক্ষের শুষ্ক কন্দ।

প্রঃ রূঃ। (১) লিকুইড একষ্ট্রাক্ট অব হাইড্রাষ্টিস্। (হাইড্রাষ্টিস্ রিজোম্ চূর্ণ ২০ আং, শোধিত সুরা ও পরিশ্রুত জল প্রয়োজনানুরূপ। মাত্রা ৫—৩০ মিনিম্)।

(২) টীংচার অব হাইড্রাষ্টিস্। (হাইড্রাষ্টিস্ চূর্ণ ২ আং, পরীক্ষিত সুরা প্রয়োজনানুরূপ। এক পাইন্ট প্রস্তুত করিবে। মাত্রা ২০—৬০ মিনিম্।)

স্বঃ। দৃঢ় কন্দ, ॥০ ইঞ্চ হইতে ১ বা ১॥০ ইঞ্চ দীর্ঘ, প্রায় অর্দ্ধ ইঞ্চ স্থূল।

ক্রিয়া। তিক্ত বলকারক, পিত্তনিঃসারক, পর্য্যায়নিবারক, লাল নিঃসারক।

ব্যবহার। উপদংশরোগ বশতঃ মুখ, তালু, ও নাসাভ্যন্তরের ক্ষতাদি, পারদ বশতঃ মুখের বিবিধ দুষ্ট ক্ষত ও ক্যান্‌সার রোগে ব্যবহৃত হয়।

পরিপাকশক্তি দুর্ব্বল হইলে ইহা দ্বারা তাহার প্রতিকার হইয়া ক্ষুধা উত্তেজিত হয়। কোষ্ঠ বদ্ধতা থাকিলে ইহা দ্বারা মল সরল হয়, ও অন্ত্রের শ্লৈষ্মিক ঝিল্লীর ক্রিয়া বৃদ্ধি হয়।

ম্যালেরিয়া জনিত পুরাতন জ্বরে লৌহের সহিত মিশ্রিত করিয়া ব্যবহার করিলে উপকার করে। কিন্তু ইহার ক্রিয়া কুইনাইন অপেক্ষা মৃদু।

মেহ, পুরাতন মেহ, গ্লিট, শুক্রস্খলন ইত্যাদি রোগে ইহার পিচকারী প্রয়োগে সুফল দর্শে।

৩০শ বলকারক।

নেকট্যাণ্ড্রি কর্টেক্স বেবীরু বার্ক Nectandræ Cortex.

লরেসি জাতীয় নেক্‌ট্যাণ্ড্রা রোডিয়াই বৃক্ষের বল্কল।

স্বঃ। ১—২ ফুট দীর্ঘ, ২—৬ ইঞ্চ প্রস্থ, ।০ ইঞ্চ স্থূল, বহির্দ্দেশ ধূসরবর্ণ, অভ্যন্তর প্রদেশ দারুচিনির বর্ণ। অত্যন্ত তিক্তাস্বাদ।

ক্রিয়া। বলকারক, পর্য্যায়নিবারক, সংকোচক।

ইহা হইতে প্রস্তুত সলফেট অব বেবীরিন নামক ইহার বীর্য ব্যবহৃত হয়।

সল্‌ফেট্‌ অব্‌ বেবীরিন্‌। ইহা বেবীরু বার্ক হইতে

উপযুক্ত উপায়ে প্রস্তুত হয়। মাত্রা ১—৫ গ্রেণ্ বলকারক। ৫—৩০ গ্রেণ। পর্য্যায়হারক।

স্বঃ। ঈষৎ স্বচ্ছ, শল্কাকার, পাটলবর্ণবিশিষ্ট। তিক্তাস্বাদবিশিষ্ট, জল ও সুরায় দ্রবনীয়।

ক্রিয়া। বলকারক, পর্য্যায়নিবারক।

ব্যবহার। জ্বরে ব্যবহৃত হয়, কিন্তু ইহার ক্রিয়া কুইনাইন্ অপেক্ষা দুর্ব্বল। শিরঃপীড়া, বমনাদি উপসর্গ বর্ত্তমানে কুইনাইন্ নিষিদ্ধ হইলে ইহা দেওয়া যায়। বিবিধ স্নায়ুশূলে ব্যবহৃত হয়। মেনরেজিয়া রোগে ৪ গ্রেণ্ মাত্রায় পুনঃ পুনঃ সেবন করিতে দিলে বিশেষ উপকার হয়।

৩১শ বলকারক।

স্যালিসিনম্—স্যালিসিন্—Salicin.

মাত্রা ৩—৩০ গ্রেণ্।

স্যালিক্স এল্‌বা নামক বৃক্ষের বল্কল বা নানা প্রকার স্যালিক্‌স ও পপ্যুলাস্ বৃক্ষের বল্কল হইতে প্রস্তুত হয়।

স্বঃ। উজ্জ্বল শ্বেতবর্ণবিশিষ্ট দানাযুক্ত। অত্যন্ত তিক্তাস্বাদ।

ক্রিয়া। বলকারক, পর্য্যায়নিবারক। ইহার পর্য্যায়নিবারক ক্রিয়া কুইনাইন্ অপেক্ষা ক্ষীণ, কিন্তু পাকাশয়ের গোলযোগ বা শিরঃপীড়া অথবা অন্ত্রের শ্লৈষ্মিক ঝিল্লীর পীড়াবশতঃ কুইনাইন নিষিদ্ধ হইলে স্যালিসিন্ অবাধে দেওয়া যায়।

৩২শ বলকারক।

এসিডম্ স্যালিসিলিকম্—স্যালিসিলিক এসিড্

Salicylic Acid.

মাত্রা ৫—৩০ গ্রেণ্।

স্যালিসিন্, উইণ্টার্ গ্রিণের তৈল বা সুইট বার্চ্চ ইত্যাদি হইতে এবং কষ্টিক সোডা সহ কার্ব্বলিক্ এসিড্ উত্তপ্ত করিলে ও ঐ প্রক্রিয়া কালে তাহাতে কার্ব্বলিক্ এসিড্ বাষ্প প্রয়োগ করিলে ইহা প্রস্তুত হয়।

প্রঃ। অয়েণ্টমেণ্ট অব্ স্যালিসিলিক্ এসিড্। (কোমল প্যারাফিন্ ১৮ অংশ, কঠিন প্যারাফিন্ ৯ অংশ, একত্রে দ্রব করিয়া মিশ্রিত করিবে ও পরে স্যালিসিলিক্ এসিড্ ১ অংশ তাহার সহিত মিলাইবে।)

সোডিয়াই স্যালিসিলাস্—স্যালিসিলেট্ অব্ সোডিয়ম্। কার্ব্বনেট্ অব্ সোডিয়ম্ বা কষ্টিক্ সোডার উপরে স্যালিসিলিক্ এসিডের ক্রিয়া দ্বারা ইহা প্রস্তুত হয়। মাত্রা ১০—৩০ গ্রেণ্।

স্বঃ। স্যালিসিলিক্ এসিড্ দেখিতে শ্বেতবর্ণের সূচ্যাকার দানাযুক্ত, গন্ধহীন, মিষ্ট ও অম্লাস্বাদ বিশিষ্ট। আঘ্রাণে নাসারন্ধ্রে উগ্রতা উৎপাদন করে। সাধারণ উত্তাপে ৫০০ হইতে ৭০০ ভাগ জলে দ্রবনীয়; সুরাবীর্য্যে, ইথরে ও উষ্ণ জলে সম্পূর্ণ দ্রব হয়।

ক্রিয়া। প্রবল পচন নিবারক ও সংক্রামক হারক। সন্ধিস্থলের বেদনাযুক্ত বাতনাশক ও শারীরিক উত্তাপ হ্রাসকারক। বিবিধ চর্ম্মরোগ নাশক।

ব্যবহার। জ্বরকালে সেবনে অতি সত্বরে জ্বর রোগের হ্রাস হয়; এজন্য স্বল্পবিরাম জ্বরে সেবন করিলে সত্বরে জ্বর ছাড়িবার বা কুইনাইন প্রয়োগের সাবকাশ উপস্থিত হইবার আশা হয়। অনেকে বলেন টাইফয়েড্ ও রেমিটেণ্ট জ্বরে এই ঔষধ ব্যবহার করায় অতি সত্বরে ও

সুন্দর ক্রিয়া দর্শায় ও এমতে এই উভয় রোগে মৃত্যু সংখ্যা হ্রাস হইতে পারে। ইহা পরিমিত মাত্রায় সেবনে কোন বিশেষ কষ্টকর লক্ষণ হয় না। কিন্তু অধিক মাত্রায় অর্থাৎ প্রতিবারে ২০।৩০ গ্রেণ পুনঃ পুনঃ বা এক মাত্রায় ১ ড্রাম পরিমাণ সেবনে কর্ণে শব্দ বোধ ও শ্রবণ শক্তি হ্রাস; শিরঃপীড়া, শিরো ঘূর্ণন, চক্ষুদ্বয় জলপূর্ণ ও মুখমণ্ডল আরক্তিম হয়। শ্বাস প্রশ্বাস ঘন ঘন, নাড়ীদ্রুত এবং প্রস্রাব ও ঘর্ম্মের অম্লের অংশ হ্রাস হয়। হৃৎপিণ্ড ক্ষীণবল হইতে পারে।

ডাক্তার মুর্ সাহেব বলেন স্যালিসিলিক্ এসিড্ ও এতৎ ঘটিত লবণ গুলি তিনি স্বীয় চিকিৎসা কার্য্যে ব্যবহার করিয়া নিম্নলিখিতরূপ ফল পাইয়াছেন।

(১) বাতরোগে। বাত রোগের তরুণ অবস্থায় ইহা অতি সুন্দর কার্য্য করে। বাতের প্রদাহ ও যাতনা হ্রাস হইলে অপেক্ষাকৃত অল্প কার্য্য করে এবং পুরাতন বাতে ইহা সেবনে কোন ফলই দর্শে না।

পূর্ণ বয়স্ককে প্রতি মাত্রায় ২০ গ্রেণ্ পরিমাণে ২ ঘণ্টান্তর সেবন করিতে দেওয়া উচিত। জ্বর ও বেদনার হ্রাস্ হইলেই ইহার ব্যবহার এককালে বন্ধ না করিয়া অপেক্ষাকৃত বিলম্বে সেবন করিতে দেওয়া উচিত। ইহার ব্যবহার দ্বারা 'বাতজ্বর' পূর্ব্বের ন্যায় বৎসরাবধির স্থলে কয়েক ঘণ্টার মধ্যে আরোগ্য করা যাইতে পারে। ইহার ক্রিয়া সত্বরে হওয়াতে হৃৎপিণ্ড পীড়িত হওয়ার আশঙ্কা দূরীভূত ও যদিই হৃৎপিণ্ডে কোন গোলযোগ উপস্থিত হয়, তাহা সত্বরে নিবারিত হইতে পারে।

(২) টাইফইড্ জ্বরে। এই জ্বরে সত্বরে জ্বরবেগ হ্রাস হয়, একারণ মৃত্যু সংখ্যা অনেক পরিমাণে কমিতে পারে। ইহার বিষঘ্ন ও পচন নিবারক গুণ থাকায় রোগের ভোগ কাল হ্রাস হইতে পারে। রোগনাশক অন্যান্য ঔষধের সহিত ইহার উপকারীতা সমতুল। অন্যান্য ঔষধের সহিত ব্যবহার না করিয়া ইহা জলের সহিত ব্যবস্থা

বিশেষ উপযোগী। তিনি বলেন, অল্প মাত্রায় পুনঃ পুনঃ সেবন করিতে দেওয়া অপেক্ষা ২৪ ঘণ্টার মধ্যে এক মাত্রায় স্যালিসিলেট্ অব সোডা সেবন করিতে দেওয়া অপেক্ষাকৃত ভাল।

(৩) ডিপ্‌থিরিয়া রোগে। এই রোগে রোগের গতি হ্রাস ও উৎপন্ন ঝিল্লীর নিম্নদেশে শ্রাবণ ক্রিয়া বর্দ্ধিত করিয়া, প্রকৃত রোগের বর্দ্ধন বিনাশ ও ঝিল্লী ছিন্ন করে। কুল্লিরূপে বা সেবন করিতে বা উভয় প্রকারেই ব্যবহার করা যায়। এল্‌কোহল ও জলে দ্রব করিয়া ইহা স্প্রেরূপে (১ আউন্সে ৩ গ্রেণ) ব্যবহার করা যায় এবং স্প্রে ব্যবহার কালে সেবন করিতেও দেওয়া যায়।

(৪) ডায়াবিটিস্ মেলিটস্ (সশর্কর বহুমূত্র) রোগে দিবারাত্রে ১২০ গ্রেণ পরিমাণে স্যালেসিলেট অব সোডা সেবন করিতে দেওয়া অতি সত্বরে প্রস্রাবের শর্করার অংশ হ্রাস হয়। এই সময়ে শর্করাযুক্ত ও উদ্ভিজ্জ খাদ্য সম্বন্ধে বিশেষ সতর্ক থাকা আবশ্যক।

স্যালিসিলিক্ এসিড ও এতৎ ঘটিত লক্ষণগুলি বিশেষ উপযোগীতার সহিত নিম্নলিখিত রোগগুলিতেও ব্যবহৃত হইতে পারে। যথাঃ—বসন্ত, স্কার্লেটিনা, ডাইলেটেশন্ অব ষ্টমাক্ (পাকাশয়ের আয়তন বিবৃদ্ধি), মাইকোসিস্ ইসফেগাই, পীত ও সবিরাম জ্বর, পার্টুসিস্, বাতজ চক্ষু প্রদাহ, স্নায়ুশূল, আমাশয়, কর্ণরোগ, এম্পাইমিয়া, সিষ্টাইটিস্ ও পাইলাইটিস্, উপদংশ রোগ, পাইমিয়া, ইরিসিপেলাস্ ও অস্ত্র কার্য্যান্তের জ্বর।

ডাক্তার পি, এ, ষ্টিভিন্‌স্ সাহেব বলেন ইহা দ্বারা অতি সত্বরে ফিতার ন্যায় কৃমি নির্গত হয়। তিনি বলেন ৮ গ্রেণ মাত্রায় ৩ ঘণ্টা অন্তর, ৬৪ গ্রেণ পর্য্যন্ত স্যালিসিলিক্ এসিড একটী রোগীকে সেবন করাইয়া ৩ ঘণ্টা পরে ১ আউন্স ক্যাষ্টর্ অইল, অর্দ্ধ আউন্স এসেন্স সেনি ও ১ পাইণ্ট গ্রুয়েল্ প্রয়োগ করিয়াছিলেন; ইহাতে ৬ গজ লম্বা

কৃমি নির্গত হইয়া রোগী রোগমুক্ত হয়। কৃমিনাশার্থ সর্ব্বদাই তিনি ইহা ব্যবস্থা করিয়া থাকেন।

উইওহাম কটন সাহেব বলেন মলমরূপে স্যালিসিলিক্ এসিড্ ব্যবহারে দক্রুরোগ সত্বরে আরোগ্য হইতে পারে।

বিবিধ চর্ম্মরোগ ও কড়া আঁচিল প্রভৃতিতে উপকারিতার সহিত ব্যবহৃত হইয়াছে। একজিমা রোগে (১০০০ অংশে ৪ অংশ) সত্বরে পীড়িত স্থান শুষ্ক হয় ও শল্কবৎ চর্ম্ম উঠিয়া যায়।

ডিপথিরিয়া রোগে চূর্ণরূপে, উপদংশ ক্ষতে চূর্ণরূপে ও স্তনের ক্যান্‌সার নামক দুর্দ্দম্য রোগে ব্যবহার অনেকে অনুমোদন করেন।

৩৭শ বলকারক।

সিরিয়াই অক্‌জ্যালস্—অকজ্যালেট অব সিরিয়ম্,

Oxalate of Cerium.

মাত্রা ১—২ গ্রেণ।

সিরিয়ম্ ধাতুর কোন লবণে অকৃজ্যালেট অব্ এমোনিয়ম্ দ্রব মিশ্রণে ইহা অধঃস্থ হয়।

স্বঃ। শ্বেতবর্ণ চূর্ণ, জলে অদ্রবণীয়।

ক্রিয়া। বলকারক ও আক্ষেপ নিবারক। বিস্‌মথের সহিত ইহার ক্রিয়ার অনেকাংশে সৌসাদৃশ্য আছে।

ব্যবহার। মৃগী, হিষ্টিরিয়া, কোরিয়া প্রভৃতি স্নায়বীয় রোগে ও কোন কোন অজীর্ণ রোগে ব্যবহৃত হয়।

কুপ্রাই নাইট্রাস—নাইট্রেট অব কপার

Nitrate of Copper.

জল মিশ্রিত নাইট্রিক্ এসিডে তাম্র ধাতু দ্রব করিয়া তাহা শীতল হইলে (৭০ ডিগ্রী ফার্ণ হীট) ইহা প্রস্তুত হয়।

স্বঃ। গাঢ় নীলবর্ণের স্তম্ভাকার দানাদার। অত্যন্ত জলাকর্ষক।

ক্রিয়া। প্রবল দাহক। আভ্যন্তরিক প্রয়োগ হয় না। পচা ক্ষতাদিতে স্থানিক প্রয়োগ হয় না।

পরিবর্ত্তক।

১ম পরিবর্ত্তক।

পারদ ধাতু—Mercury—Hydrargyrum.

পারদ প্রায়ই খনি হইতে প্রাপ্ত কালীন অন্যান্য নানা প্রকার দ্রব্য সহযোগে অবস্থিতি করে। পরে পরিষ্কার করিয়া লইতে হয়।

স্বঃ। বিশুদ্ধ পারদ সাধারণ উষ্মানুষ্মে তরলাবস্থায় অবস্থিতি করে। উজ্জ্বল শ্বেতবর্ণ, সহজে ক্ষুদ্র ক্ষুদ্র অংশে বিভাগ করা যায়।

ক্রিয়া। বিশুদ্ধ পারদ ঔষধার্থ ব্যবহার হয় না। ইহা হইতে প্রস্তুত ঔষধই ব্যবহার হইয়া থাকে।

নিম্নলিখিত ঔষধগুলিতে প্রধানতঃ পারদ অমিশ্রিতাবস্থায় নিম্নলিখিত পরিমাণে থাকে।

(১) হাইড্রার্জিরম্ কম্ ক্রিটা	৩ অংশে	১ অংশ
(২) এম্প্লাষ্ট্রম্ এমোনিয়াসি কম্ হাইড্রার্জিরো	৫ ,,	১ ,,
(৩) ,, হাইড্রার্জিরাই	৫ ,,	১ ,,
(৪) লিনিমেণ্টম্ হাইড্রার্জিরাই	৬ ,,	১ ,,
(৫) পাইলিউলা হাইড্রার্জিরাই	৩ ,,	১ ,,
(৬) সপোজিটোরিয়া হাইড্রার্জিরাই	৬ ,,	১ ,,
(৭) অঙ্গুয়েণ্টম্ হাইড্রার্জিরাই	২ ,,	১ ,,
(৮) ,, ,, কম্পোজিটা	৪॥০ ,,	১ ,,

নিম্নলিখিত ঔষধগুলিতে পারদ মিশ্রিতাবস্থায় থাকে।

(ক) হাইড্রার্জিরাই আইওডাইডম্ রুব্রম্।

(খ) ,, ,, ভিরিড্।

(গ) ,, অক্সাইডম্ রুব্রম্।

(ঘ) হাইড্রার্জিরাই অক্সাইডম্ ফ্লেবম্।

(ঙ) ,, পার্ক্লোরাইডম্।

(চ) হাইড্রার্জিরাই সবক্লোরাইডম্।

(ছ) ,, পারসল্ফাস্।

(জ) হাইড্রার্জিরাই এমোনিয়েটম্।

(ঝ) লাইকর্ হাইড্রার্জিরাই নাইট্রাটিস্ এসিডম্।

(ঞ) ,, ,, পার্ক্লোরাইডি।

(ট) ,, আর্সেনিয়াই হাইড্রার্জিরাই আইওডাইডাই।

(ঠ) লোসিও হাইড্রার্জিরাই ফ্লাভা।

(ড) ,, ,, নাইগ্রা।

(ঢ) ওলিয়েটম্ হাইড্রার্জিরাই।

(ণ) পাইল্যুলা হাইড্রার্জিরাই সবক্লোরাইডি কম্পোজিটা।

(ত) অঙ্গুয়েণ্টম্ হাইড্রার্জিরাই এমোনিয়েটি।

(থ) ,, ,, নাইট্রাটিস্।

(দ) ,, ,, আইওডিডাই রুব্রাই।

(ধ) ,, ,, অক্সাইডাই রুব্রাই।

(ন) ,, ,, সবক্লোরিডাই।

(১) হাইড্রার্জিরম্ কম্‌ক্রিটা। (পারদ ১ আং, বিশুদ্ধ খড়ি ২ আং। ইহাকে গ্রে পাউডার বলে। মাত্রা ২—৫ গ্রেণ্।)

ক্রিয়া। অল্প বিরেচক ও পরিবর্ত্তক। বালকদিগের জন্যই প্রায় ব্যবহার হয়। বালকদিগের ডায়েরিয়াতে মল কর্দ্দমবর্ণবিশিষ্ট হইলে রুবর্ব্ব সহিত ব্যবহারে বিশেষ ফলদায়ী হয়। শৈশবাবস্থার উপদংশে সুন্দর কার্য্য করে।

(২) এম্‌প্ল্যাষ্ট্রম্ এমোনিয়াসি কম্‌হাইড্রার্জিরো। (এমোনিয়াকম্ ১২ আং, পারদ ৩ আং, ওলিভ্ অইল্ ১ ড্রাম, সব্লাইমড্ সল্ফর্ (উর্দ্ধপাতিত গন্ধক) ৮ গ্রেণ।)

ক্রিয়া। শোষণ ক্রিয়ার জন্য ঔপদংশিক অর্ব্বুদাদিতে ব্যবহার হয়।

(৩) এম্প্ল্যাষ্ট্রম্ হাইড্রোর্জিরাই। (পারদ ৩ আং, ওলিভ্ অইল্ [জলপাই তৈল] ১ ড্রাম্, উৰ্দ্ধপাতিত গন্ধক ৮ গ্রেণ, সীসপলস্ত্রা ৬ আং।)

ক্রিয়া। শোষণ জন্য ব্যবহার হয়।

(৪) লিনিমেণ্টম্ হাইড্রার্জিরাই। (অইণ্টমেণ্ট অব্ মার্কারি [পারদের মলম] ১ আং, এমোনিয়া সল্যুউসন্ ও ক্যাম্ফর লিনিমেণ্ট প্রত্যেক ১ আং।)

ক্রিয়া। শোষণ জন্য অর্ব্বুদাদিতে ও মুখ আনিবার জন্য ব্যবহার হয়।

(৫) পাইল্যুলা হাইড্রার্জিরাই (পারদ ২ আং, কন্ফেক্সন্ অব্ রোজ্ ৩ আং, লিকোরিস্ [যষ্টিমধু] মূল কুট্টিত ১ আং, মাত্রা ৩—৮ গ্রেণ।)

ক্রিয়া। পরিবর্ত্তক ও লালনিঃসারক।

৬। সপোজিটোরিয়া হাইড্রার্জিরাই। (অইণ্টমেণ্ট অব্ মার্কারি ৬০ গ্রেণ, বেন্জোয়েটেড্ লার্ড ও শ্বেত মোম প্রত্যেক ২০ গ্রেণ, অইল অব্ থিয়োব্রামা ৮০ গ্রেণ। ১২টী চূড়াকৃতি অংশ করিতে হইবে।)

(৭) অঙ্গুয়েণ্টম্ হাইড্রার্জিরাই (পারদ ও শূকরের বসা প্রত্যেক ১ পাউণ্ড, মেষের বসা ১ আং।)

ক্রিয়া। ঔপদংশিক ক্ষতে ও অর্ব্বুদাদিতে শোষণার্থ ব্যবহার হয়। মুখ আনাইবার জন্য ইহার মর্দ্দন অতি সহজ উপায়।

(৮) অঙ্গুয়েণ্টম্ হাইড্রার্জিরাই কম্পোজিটা। (অইণ্টমেণ্ট অব্ মার্কারি ৬ আং, পীত মোম ও জলপাই তৈল প্রত্যেক ৩ আং, কর্পূর ১৷৷০ আং।)

(ক) হাইড্রার্জিরাই আইওডাইডম্ রুব্রম্। (পার-

ক্লোরাইড্ অব্ মার্কারি ৪ আং, আইওডাইড্ অব্ পটাসিয়ম্ ৫ আং, স্ফুটিত পরিশ্রুত জল ৪ পাইণ্ট। মাত্রা ১/৩২—১/৮ গ্রেণ্।)

স্বঃ। উজ্জ্বল লোহিত বর্ণ, দানাবিশিষ্ট চূর্ণ, কষায় আস্বাদ, গন্ধহীন।

ক্রিয়া। পরিবর্ত্তক, শোষক ও দাহক। অত্যন্ত অল্প মাত্রায় প্রদাহক বিষক্রিয়া করে। এজন্য সাবধানে ব্যবহার করা কর্ত্তব্য।

ব্যবহার। ১/৩২ গ্রেণ মাত্রায় ডাক্তার নেলিগ্যানের মতে স্ক্রফিউলায় অতি চমৎকার ফল দর্শে ও হৃৎপিণ্ডের পীড়ায় (যাহাতে রিগর্জিটেশন্ হয়) উপকারক। মলমরূপে ঔপদংশিক অর্ব্বুদাদিতে ও গ্রন্থিবিবর্দ্ধনে উপকারী। চর্ম্মে ব্যবহার সময়ে সাবধানে ব্যবহার করা উচিত।

(১) অঙ্গুয়েণ্টম্ হাইড্রার্জিরাই আইওডাইডাই রুব্রাই। (রেড্ আইওডাইড অব মার্কারি চূর্ণ ১৬ গ্রেণ, মোমের মলম ১ আং।)

হাইড্রার্জিরাই অক্সাইডম্ রুব্রম্

(পারদ ৮ আং, নাইট্রিক্ এসিড্ ৪॥০ আং, জল ২ আং।)

স্বঃ। কমলা লেবুর ত্বকের ন্যায় উজ্জ্বলবর্ণ, হাইড্রোক্লোরিক্ এসিডে শীঘ্রই দ্রবণীয়।

ক্রিয়া। লালনিঃসারক কিন্তু আভ্যন্তরিক ব্যবহার হয় না। বাহিক ব্যবহারে দাহক।

ব্যবহার। ঔপদংশিক ক্ষতে ধৌতরূপে ও নিরঙ্কুর ক্ষতে অঙ্কুরোৎপাদন জন্য ও কোন কোন প্রকার অফ্থ্যালমিয়ায় ব্যবহার হয়।

(১) অঙ্গুয়েণ্টম্ হাইড্রার্জিরাই অক্সাইডি রুব্রাই। (রেড অক্সাইড অব্ মার্কারি সূক্ষ্ম চূর্ণ ৬২ গ্রেণ, কঠিন প্যারাফিন্ ।০ আং, কোমল প্যারাফিন্ ৮০ আং।)

হাইড্রার্জিরাই পার্ক্লোরাইডম্

—(রসকর্পূর) (সল্ফেট অব্ মার্কারি ২০ আং, ক্লোরাইড্ অব্ সোডিয়ম্ শুষ্ক ১৬ আং, ব্লাক্ অক্সাইড্ অব্ ম্যাঙ্গেনিস্ সূক্ষ্ম চূর্ণ ১ আং। মাত্রা ১/১৬—১/৮ গ্রেণ।)

স্বঃ। ভারি, বর্ণহীন কোণবিশিষ্ট পিণ্ডাকার, তীক্ষ্ণ ধাতবাস্বাদযুক্ত। অ্যালকোহল ও ইথরে অধিক দ্রবণীয়।

ক্রিয়া। অতি অল্প পরিমাণে ব্যবহারে পরিবর্ত্তক। অধিক মাত্রায় বিষক্রিয়া করে। বাহ্য ব্যবহারে দাহক।

ব্যবহার। উপদংশ রোগের ২য় অবস্থায় ব্যবহার হয়। ইরিসিপেলাস্ রোগে ইহার ধৌত উপকারী, এবং নানাবিধ চর্ম্মরোগ যথা—একৃজিমা, প্রুরাইটিস্, স্কেবিজ ইত্যাদিতে উপকারক। পুরাতন বাত, পেরিয়ষ্টাইটিস্ ইত্যাদি রোগে অন্য বলকারক ঔষধ সহ বিলক্ষণ উপকার করে। অফ্থ্যাল্মিয়া রোগেও ইহা দ্বারা বিশেষ উপকার পাওয়া যায়।

(১) লাইকর হাইডার্জিরাই পার্ক্লোরাইডি। (পার্ক্লোরাইড্ অব্ মার্করি ও ক্লোরাইড্ অব্ এমোনিয়া প্রত্যেক ১০ গ্রেণ, পরিশ্রুত জল ১ পাইণ্ট। মাত্রা ॥০—২ ড্রাম্।)

(২) লোসিও হাইড্রার্জিরাই ফ্লেভা। (পার্ক্লোরাইড অব মার্করি ১৮ গ্রেণ্ সল্যুউসন অব্ লাইম্ ১০ আং।)

(৩) হাইড্রার্জিরাই অক্সাইডম ফ্লেভম—

ইয়োলো অক্সাইড অব মার্করি। (পার্ক্লোরাইড অব মার্করি ৪ আং, সল্যুউসন্ অব সোডা ২ পাইণ্ট, পরিশ্রুত জল প্রচুর।)

স্বঃ। পীতবর্ণ চূর্ণ।

হাইড্রোর্জিরাই সবক্লোরাইডম্—(ক্যালমেল) (সল্ফেট্ অব মার্করি ১০ আং, পারদ ৭ আং, ক্লোরাইড অব্ সোডিয়ম্ শুষ্ক ৫ আং উষ্ণ পরিশ্রুত জল আবশ্যক মত। মাত্রা ॥০—৫ গ্রেণ।)

স্বঃ। পাঁশবর্ণ মিশ্রিত শ্বেতবর্ণ, ভারি, আস্বাদহীন চূর্ণ।

ক্রিয়া। পরিবর্ত্তক, বিরেচক, লালনিঃসারক, পিত্তনিঃসারক, কৃমিনাশক, শোষক, অবসাদক। ইহা দ্বারা প্রদাহ জন্মে না।

ব্যবহার। পুরাতন শিরঃপীড়ায়, এপপ্লেক্সি, প্যারালিসিস্ ইত্যাদিতে ব্যবহার হয়। জ্বর এবং অন্যান্য প্রাদাহিক পীড়াতে বিরেচকরূপে ২৫—৩০ গ্রেণ্ মাত্রায় উষ্ণ প্রধান দেশে ব্যবহার হয়। ৫০—১০০ গ্রেণ্ মাত্রায় অত্যন্ত মূত্রকারক বলিয়া আমেরিকায় ব্যবহার হয়। কিন্তু আমাদের দেশে প্রায় ব্যবহার হয় না। কিন্তু উক্ত মাত্রায় দিবসে একবার, এবং তিন দিনের অধিক ব্যবহার করা নিতান্ত অনুচিত। বালকদিগের বিরেচন জন্য ইহা বিশেষ উপযোগী। কৃমিনাশার্থ ব্যবহার হয়। বিসূচিকা রোগে কেহ কেহ ব্যবহার করেন। চক্ষুরোগে ইহার বাহ্যিক ও আভ্যন্তরিক প্রয়োগ বিশেষ উপকারী।

নিম্নলিখিত ঔষধ প্রস্তুত করিতে সব্‌ক্লোরাইড্ অব্ মার্করি ব্যবহার হয়।

(১) ব্ল্যাক্ মার্কুরিয়াল্ লোসন্। সব্‌ক্লোরাইড্ অব্ মার্করি ৩০ গ্রেণ, সল্যুউসন্ অব্ লাইম্ ১০ আং। ১ আউন্সে ৩ গ্রেণ আছে।)

(২) কম্পাউণ্ড পিল্ অব্ সব্‌ক্লোরাইড্ অব্ মার্করি। (সব্‌ক্লোরাইড্ অব্ মার্করি ও সল্‌ফিউরেটেড্ এণ্টিমনি প্রত্যেক ১ আং, গোয়াকম্ রেজিন্ চূর্ণ ২ আং, ক্যাষ্টর্ অইল্ ১ আং বা আবশ্যকমত। ৫ অংশে ১ অংশ আছে।মাত্রা ৫—১০ গ্রেণ।)

(৩) অইণ্টমেণ্ট্ অব্ সবক্লোরাইড্ অব্ মার্করি। (সব্‌ক্লোরাইড্ অব্ মার্করি ৮০ গ্রেণ বেনজোয়েটেড্‌লার্ড ১ আং। প্রায় ৬॥০ অংশে ১ অংশ আছে।)

হাইড্রার্জিরাই পার সল্‌ফাস—(পারদ ২০ আং, গন্ধক-দ্রাবক ১২ আং।)

স্বঃ। শ্বেতবর্ণ, কোণবিশিষ্ট ভারি চূর্ণ।

পারক্লোরাইড্ অব্ মার্করি ও সবক্লোরাইড্ অব্ মার্করি প্রস্তুত জন্য ব্যবহার হয়।

হাইড্রার্জিরম্ এমোনিয়েটম্—(পারক্লোরাইড অব্ মার্করি ৩ আং, এমোনিয়া সল্যুসন্ ৪ আং, পরিশ্রুত জল ৩ পাইণ্ট।

সৃঃ। অসচ্ছ শ্বেতবর্ণ। জল, ইথর ও অ্যালকোহলে দ্রবণীয় নহে।

ক্রিয়া। আভ্যন্তরিক ব্যবহার হয় না। দাহকরূপে স্কেবিজ, হার্পিজ, ইম্পিটাইগো ইত্যাদি রোগে বাহ্য-ব্যবহার হয়।

(১) অইণ্টমেণ্ট্ অব্ এমোনিয়েটেড্ মার্করি। (এমোনিয়েটেড্ মার্করি ৬২ গ্রেণ, সিম্প্ল অইণ্টমেণ্ট ১ আং।)

লাইকর হাইড্রার্জিরাই নাইট্র্যাটিস্ এসিডম—(পারদ ৪ আং, নাইট্রিক এসিড ৫ আং, পরিশ্রুত জল ১৷৷০ আং।)

সৃঃ। বর্ণহীন, তীব্র, অম্ল আস্বাদযুক্ত দ্রব।

ক্রিয়া। অত্যন্ত দাহক। ল্যুপস্, ক্যান্সর ও অন্যান্য ক্ষতে ব্যবহার হয়।

প্রঃ। (১) ডাইলিউটেড্ অয়েণ্টমেণ্ট অব্ নাইট্রেট অব মার্করি। (নাইট্রেট অব্ মার্করি অয়েণ্টমেণ্ট ১ আং, কোমল প্যারাফিন ২ আং। মিশ্রিত করিয়া লইবে।)

(২) অয়েণ্টমেণ্ট অব্ নাইট্রেট অব মার্করি। (পারদ ৪ আং, নাইট্রিক্ এসিড্ ১২ আং, শূকরের বসা ।১৫ আং, জলপাইয়ের তৈল ৩২ আং, ইহাকে সিট্রন্ অয়েণ্টমেণ্ট বলে।

আওডিন—Iodine.

প্রায়ই সমুদ্রের উদ্ভিজ্জ-ভস্ম হইতে প্রাপ্ত হওয়া যায়।

প্রঃ রূঃ। (ক) লিনিমেণ্ট অব আইওডিন্ (আইওডিন্ ১।০ আং, পটাশ আইওডাইড্ ৷৷০ আং, গ্লিসরীন ।০ আং, শোধিত সুরা ১০ আং।)

(খ) সল্যুউসন্ অব্ আইওডিন। (লাইকর আইওডাই) (আই-ওডিন্ ২২ গ্রেণ, পটাশ আইওডাইড ৩৩ গ্রেণ, পরিশ্রুত জল ১ আং।)

(গ) টিংচর অব্ আইওডিন্। (আইওডিন ।।০ আং, পটাশ আই-ওডাইড ।।০ আং শোধিত সুরা ১ পাইণ্ট। মাত্রা ৫—২০ মিনিম্।)

(ঘ) ভেপর অব আইওডিন্। (টিংচর অব আইওডিন্ ১ ড্রাম্, জল ১ আং। অল্প উত্তাপ দিতে হইবে।)

(ঙ) অঙ্গুয়েণ্টন্ আইওডাই। (আইওডিন ও পটাশ আইওডাইড প্রত্যেক ৩২ গ্রেণ গ্লিসরীন্ ১ ড্রাম্, শূকরের বসা ২ আং।)

স্বঃ। গাঢ়বর্ণ, উজ্জ্বল, এক প্রকার গন্ধবিশিষ্ট দানা।

ক্রিয়া। পরিবর্ত্তক, শোষক, বলকারক। অধিক মাত্রায় প্রদাহিক বিষক্রিয়া করে।

ব্যবহার। গ্রন্থিবিবর্দ্ধন রোগে ও স্ক্রফিউলাতে আইওডিন্ বিশেষ উপযোগী। ব্রঙ্কসিল রোগে এপর্য্যন্ত যত ঔষধ ব্যবহার হইয়াছে, আইওডিন্ তৎসমস্ত হইতে উৎকৃষ্ট। উপদংশ রোগে, যকৃৎ ও প্লীহা বিবর্দ্ধনে অতি উৎকৃষ্ট ফল দর্শে। চক্ষুরোগে ইহার বাহ্যিক ব্যবহার সমূহ উপকারী; এমিনোরিয়া, থাইসিস্, লুকোরিয়া, গাউট, কোরিয়া, প্যালসি, এসাইটিস্ ইত্যাদি রোগেও কেহ কেহ আইওডিনের ব্যবহার উপকারী বলিয়া থাকেন। ইহার টিংচর (অরিষ্ট) বিবিধ চর্ম্মরোগে ও গ্রন্থিবিবর্দ্ধনে ব্যবহার হয়, যথা সন্ধিস্থলস্ফীতি, বাগি, ইরিসিপেলাস্, স্ফোটক, ইত্যাদি। থাইসিস ও পুরাতন ব্রঙ্কাইটিস রোগে কেহ কেহ ইহার আঘ্রাণ ব্যবহার অনুমোদন করেন।

(১) **পাটাশি আইওডাইডম**—আইওডাইড অব্ পটাশ্ (সল্যুসন্ অব্ পটাশ ১ গ্যালন, আইওডিন ২৯ আং, বা আবশ্যক মত, অঙ্গার সূক্ষ্ম চূর্ণ ৩ আং। মাত্রা ২—২০ গ্রেণ।)

স্বঃ। বর্ণহীন, অস্বচ্ছ, দানাদার। জলে ও সুরায় দ্রবণীয়।

ক্রিয়া। আইওডিন্ হইতে মৃদু। বাহ্য ব্যবহারে শোষক, উগ্রতা সাধক।

ব্যবহার। নানা প্রকার স্ক্রফিউলা ও ব্রঙ্কসিল্ রোগে পটাশ আইওডাইড্ আইওডিন্ সহ ব্যবহারে উপকারিতা গুণের বৃদ্ধি হয়। ২য় অবস্থার উপদংশ রোগে ইহার তুল্য ঔষধ আজ কাল আর নাই। বিশেষতঃ যেখানে ১ম অবস্থায় অত্যন্ত পারদ ব্যবহৃত হইয়াছে, কিম্বা যেখানে রোগী স্ক্রফিউলা ধাতুবিশিষ্ট। বাত ও পুরাতন বাত, এবং বাতজনিত জ্বর, লম্বেগো, সায়টিকা, পেরিয়ষ্টিটাইটিস্, শোথ (ড্রপ্সি), এমিনোরিয়া, ল্যুকোরিয়া, ইত্যাদি বিবিধ রোগে ব্যবহার হয়। চর্ম্ম-রোগে উপকারী। সোরায়সিস্, ও লেপ্রা এবং ইফ্থিয়সিস্ ও লুউ-পইড্ ক্ষতে ব্যবহারে ডাক্তার নেলিগ্যানের মতে অতি চমৎকার ফল দর্শে, এমন কি যেখানে আর্সেনিক্ দ্বারাও কোন ফল দর্শে নাই, সেখানে ইহার দ্বারা রোগের উপশম হইয়াছে।

(ক) লিনিমেণ্টম্ পটাশি আইওডাইডি কম্ সেপন্। (কঠিন সাবান ২ আং, পটাশ আইওডিড ১॥০ আং, গ্লিসরীন্ ১ আং, লেমন অইল ১ ড্রাম্, পরিশ্রুত জল ১০ আং।)

(খ) অঙ্গুয়েণ্টম্ পটাশি আইওডাইড্। (আইওডাইড্ অব্ পটাশ্ ৬৪ গ্রেণ, কার্ব্বনেট অব পটাশ্ ৪ গ্রেণ, পরিশ্রুত জল ১ ড্রাম্, বেনজোয়েটেড্ লার্ড ১ আং।)

(২) সলফিউরিস্ আইওডাইডম্।

আইওডাইড অব্ সলফর। (আইওডিন্ ৪ আং, সব্লাইমড [ঊর্দ্ধপাতিত] গন্ধক ১০ আং।) মাত্রা ॥০—৫ গ্রেণ।

স্ঃ। পীতের আভাযুক্ত কৃষ্ণবর্ণ কঠিন পদার্থ।

ক্রিয়া। পরিবর্ত্তক।

(ক) অঙ্গুয়েণ্টম্ সল্‌ফিউরিস্ আইওডাইড্। (সল্‌ফ আইওডাইড ৩০ গ্রেণ, কঠিন প্যারাফিন্ ।০ আং, কোমল প্যারাফিন্ ৮০ আং।)

(৩) সোডিয়াই আইওডাইডম্। আইওডাইড্ অব সোডিয়ম্। (সোডিয়ম্ ১ অংশ, আইওডিন্ ১ অংশ। মাত্রা ৩—১০ গ্রেণ।)

স্বঃ। শ্বেতবর্ণ দানাবিশিষ্ট জলশোষক চূর্ণ।

ক্রিয়া। আইওডাইড অব্ পটাশিয়মের তুল্য।

(৪) আইওডোফর্ম—(Iodoform) আইওডোফর্ম। (কার্ব্বনেট অব্ পটাশ দ্রব সুরা বীর্য্যে মিশ্রিত করিয়া তাহাতে আইওডিনের ক্রিয়া দ্বারা আইওডোফর্ম প্রস্তুত হয়। ইহাতে আইওডিন্ ১ অংশ, কার্ব্বন্ ১ অংশ ও হাইড্রোজিন্ ৩ অংশ আছে। মাত্রা ॥০—৩ গ্রেণ।)

স্বঃ। দেখিতে উজ্জ্বল পীতবর্ণ। শল্কাকারের দানা, স্পর্শে তৈলাক্তবৎ ও পিচ্ছিল, অতি উগ্র ও কদর্য্য গন্ধ এবং আস্বাদনবিশিষ্ট। জলে অল্প, শোধিত সুরায় তদপেক্ষা অধিক, ক্লোরফর্মে ও ইথরে তদপেক্ষা অধিক এবং উষ্ণ ইথরে সম্পূর্ণরূপে ও সত্বরে দ্রবণীয়।

ক্রিয়া। (স্থানিক প্রয়োগ) স্পর্শহারক, কিন্তু উগ্রতা জন্মায় না। বিস্তৃত আয়তন ক্ষতোপরি প্রয়োগে কখন কখন বিষক্রিয়া করিয়া বমন, অস্থিরতা, জ্বর, তন্দ্রা ও চৈতন্য লোপ প্রভৃতি লক্ষণের সহিত নাড়ী ক্ষীণ ও দ্রুতগতিবিশিষ্ট হইতে শুনা যায়। ব্যাসিলাই নামক দণ্ডাকারের উদ্ভিদ জীবাদি নষ্ট করিবার ক্ষমতা ইহার আছে।

(আভ্যন্তরিক প্রয়োগ) অল্প মাত্রায় সেবনে পরিবর্ত্তক ও বলকারক। অধিক মাত্রায় বিষক্রিয়া করে এবং যকৃৎ, মূত্রযন্ত্র ও হৃৎপিণ্ডাদির পেশীর মেদাপকৃষ্টতা জন্মে। ইহার পচননিবারক ও দুর্গন্ধহারক গুণ অতি প্রবল।

ব্যবহার। (বাহ্য প্রয়োগ) বিবিধ প্রকার পুরাতন ও বিগলিত ক্ষত উপদংশ ক্ষত, ক্যান্সার, শয্যা ক্ষত, অস্ত্রের ক্ষত ইত্যাদিতে ইহার ব্যবহার অতীব ফলদায়ী। মলমরূপে বা চূর্ণরূপে ক্ষতোপরি ব্যবহার করা যাইতে পারে। নাসারন্ধ্রের পুরাতন ক্ষত, ওজিনা ও নাসারন্ধ্রের পূতিগন্ধময় ক্ষতে ইহা ব্যবহারে সুফলদর্শে। নাসারন্ধ্রের ক্ষতে শলিতারূপে ব্যবহার্য্য।

একজিমা প্রুরাইগো, ইম্পিটাইগো প্রভৃতি চর্ম্ম রোগে ইহার মলম স্থানিক প্রয়োগে বিশেষ উপকার হয়।

সরলান্ত্র, মূত্রাশয় ইত্যাদি স্থানের পীড়ায় ইহার সপোজিটরী ব্যবহারে স্পর্শহারক গুণে তত্তৎস্থানের যাতনার লাঘব হইয়া উপকার করে।

স্নায়ুশূল, কর্ণের পুরাতন ক্ষত ইত্যাদিতে ইহা উপকারী।

(আভ্যন্তরিক প্রয়োগ) পাকাশয়ের ক্ষত রোগে ইহার আভ্যন্তরিক প্রয়োগ ও পিচকারী সাহায্য পুষ্টিকর খাদ্য পাকাশয়ে নিক্ষেপ করিলে উপকার হয়।

যক্ষ্মা, উপদংশ, স্ক্রফিউলা, গলগণ্ড ও রজোহল্পতা রোগে আইওডোফর্ম সেবন করিতে দিলে বিশেষ উপকার হয়। যক্ষ্মা রোগে রোগবীজ ধ্বংশ করিয়া মঙ্গল সাধন করে।

২য় পরিবর্ত্তক।

ব্রোমিন্ Bromine.

এই তরল পদার্থ সমুদ্র জলে ও কোন কোন লাবণিক প্রস্রবণ হইতে পাওয়া যায়।

স্বঃ। ঘোর লোহিতবর্ণ, উগ্র গন্ধযুক্ত।

ক্রিয়া। নির্জ্জলাবস্থায় আভ্যন্তরিক প্রয়োগ হয় না, কারণ দাহক।

জল মিশ্রিত করিয়া ব্যবহারে পরিবর্ত্তক, বলকারক, শোষক, মূত্রকারক। অধিক মাত্রায় প্রবল বিষ।

ব্যবহার প্রায় আইওডিনের ন্যায়; যদিও অনেক সময় তদনুযায়ী কার্য্য করিতে দেখা যায় না। স্ক্রফিউলা ও তদানুসঙ্গিক অন্যান্য ক্ষত, ইরিসিপেলাস, ইত্যাদি ক্ষতে ব্যবহার হয়।

(১) এমোনিয়া ব্রোমাইডম্। ব্রোমাইড্ অব এমোনিয়া। মাত্রা ২—২০ গ্রেণ।

সঃ। বর্ণহীন, দানাদার, বায়ু সংযোগে অল্প পীতবর্ণ হয়, বিকট লাবণিক আস্বাদযুক্ত।

ক্রিয়া। পারবর্ত্তক, শোষক।

ব্যবহার। গ্রন্থি বিবর্দ্ধনাদি রোগ ও বাত রোগে ব্যবহার হয়।

(২) পটাশাই ব্রোমাইডম্। ব্রোমাইড্ অব্ পটাশিয়ম্। (সল্যুউসন্ অব্ পটাশ ২ পাইন্ট, ব্রোমিন্ ৪ আং বা প্রচুর, অঙ্গার সূক্ষ্ম চুর্ণ ২ আং, উষ্ণ পরিশ্রুত জল ১॥০ আং। মাত্রা ২—২০ গ্রেণ।)

স্বঃ। বর্ণহীন, কোণযুক্ত, গন্ধহীন, লাবণিক আস্বাদযুক্ত।

ক্রিয়া। পরিবর্ত্তক, শোষক, অবসাদক, উত্তেজক, জননেন্দ্রিয়ের অবসাদক, আক্ষেপ নিবারক।

ব্যবহার। মৃগী, হিষ্টিরিয়া, কোরিয়া, রোগে ইহার ব্যবহারে বিলক্ষণ উপকার করে। শিরঃপীড়া, শিরোঘূর্ণন, স্ক্রফিউলা রোগে উপকারের সহিত ব্যবহার হয়। ঔপদংশিক রোগে, গনোরিয়া রোগেও ডাক্তার গ্যারডের মতে ব্যবহার হয়। প্লীহা ও যকৃৎ বিবর্দ্ধনে উপকার করে। কোন কোন চিকিৎসকের মতে ইহা প্লীহা রোগের এক মাত্র অব্যর্থ মহৌষধ।

(৩) সোডিয়াই ব্রোমাইডম্—ব্রোমাইড অব সোডিয়ম্। (সোডিয়ম্ দ্রব ২পাইন্ট,ব্রোমিন্ ৪ আং, অঙ্গার চুর্ণ ২আং, স্ফুটিত পরি-

শ্রুত জল ১॥০ পাইণ্ট।) মাত্রা ১০—৩০ গ্রেণ। শ্বেতবর্ণ কোণবিশিষ্ট চূর্ণ।) ক্রিয়া ব্রোমাইড্ অব পটাশের তুল্য।

৩য় পরিবর্ত্তক।

সল্ফর গন্ধক—Sulphur.

মাত্রা ৩০—৬০ গ্রেণ।

খনি হইতে যে গন্ধক পাওয়া যায়, তাহা বিশুদ্ধ নহে। সুতরাং তাহা ঔষধ জন্য ব্যবহৃত হয় না। ঔষধার্থ যে গন্ধক ব্যবহৃত হয়, তাহা পরিষ্কৃত ও বিশুদ্ধ। গন্ধককে দুই উপায় দ্বারা বিশুদ্ধাবস্থায় আনা যায়। (১) অধঃপাতন (Precipitation) ও (২) উর্দ্ধপাতন (Sublimation.)

(১) অধঃপাতন। (সব্লাইমড সলফর ৫ আং, চুণ ৩ আং, হাইডে াক্লোরিক এসিড ৮ আং বা আবশ্যকমত, পরিশ্রুত জল প্রয়োজনানুরূপ।) ধূসর মিশ্রিত পীতবর্ণ চূর্ণ।

প্রঃ রূঃ। (১) কন্‌ফেক্‌সন্ অব্ সলফর্। (উর্দ্ধপাতিত (সব্লাইম্‌ড্) গন্ধক ৪ আং, এসিড্ টার্টারেট্ অব্ পটাশ চূর্ণ ১ আং, সিরপ্ অব্ অরেঞ্জ পিল্ ৪ আং, ট্রাগাকান্থ চূর্ণ ১৮ গ্রেণ্। মাত্রা ৬০—১২০ গ্রেণ।)

(২) অইণ্টমেণ্ট অব্ সল্ফর। (উর্দ্ধপাতিত গন্ধক ১ আং, বেন্‌জোয়েটেড্ লার্ড ৪ আং।)

(৩) ট্রচিসাই সল্ফিউরিস্—সলফর্ লোজেঞ্জেস্। (অধঃপাতিত গন্ধক ৩৬০০ গ্রেণ, এসিড্ টার্ট্রেট্ অব্ পটাশিয়ম্ ৭২০ গ্রেণ, বিশুদ্ধ শর্করা চূর্ণ ৫৭৬০ চূর্ণ, আরবি গঁদ চূর্ণ ৭২০ গ্রেণ, কমলাত্বকের অরিষ্ট ৭২০ মিনিম্, গঁদের মণ্ড ৭২০ মিনিম্। ৭২০টী চাক্তিতে বিভক্ত করিবে।) মাত্রা ১—২ বা ততোধিক পর্য্যন্ত।